তে : অবশ্য আমি এটা পরে বলবার সমর পাব, বখন সেই ক্লম্বও বাব ; কিন্তু নাায় পঞ্চায়েতের সংস্পে এই চ্যাপটার ভিআইএর কোন সম্পর্ক রাখা উচিত ছিল না। গ্রাম পঞ্চায়েত বেমন সম্পূর্ণ আলাদা, ন্যার পণ্ডারেতও সম্পূর্ণ আলাদা চ্যাপটারএ নিয়ে আসা উচিত ছিল। সাধারণতঃ অন্ধরা দেখি সিভিল সার্ভিসই হোক, অথবা হাই কোটএর জাজই হোন, তাঁরা উপর ধেকে নিম্নুত্ত হন, তাঁরা সার্ভিস কমিসনএর ভিতর দিয়ে আসেন, এটাই আমাদের অভিজ্ঞতা, এই ন্যার পণ্ডারেত কিন্তু একট্ ভিন্ন রকমের। এখানে ব্যাপারটা হচ্ছে এই যে, বিশেষ কোন আইনজ্ঞান না ধাকলেও জনস ধারণের বিশ্বাসভাজন ব'লে, জনসাধারণ তাঁদের প্রতি আম্বা রাখে য'লে এবং তাঁরা জনসাধারণের মধ্যে বাস করেন ব'লে ছোটখাটো ব্যাপারের বিচার করবেন। এই বিষয়ে ভারতবর্ষের অভিজ্ঞতা আছে, পণ্ডারেতী বিচার এমন কিছ্ মন্দ নয়। যখন তাঁরা বিচারে বসেন, তাঁরা সোসাল কাশ্টমস মেনে চলেন। কিন্তু পণ্ডারেতরা মোটাম্টি যা বিচার করতেন, জনসাধারণের মধ্যে থেকেই করতেন, কিন্তু আজকে নায়ে পণ্ডারেত সংগঠন, পরিচালনার দায়িও ও ভার তাঁদেরই দেওয়। হচ্ছে, যাঁরা গোণভাবে নির্বাচিত এবং যাঁরা জনসাধারণের প্রতিনিধিও দাবি করতে পারেন না, তাঁরাই কিনা নায় পণ্ডায়েত চালাবেন। এই সমন্দ্র ক্লজটার ভিতর দিয়ে এই গভর্নমেন্টএর পণ্ডায়েতী প্রথার প্রতি বা জনসাধারণের প্রতি কতটা মমন্থবাধ আছে, তাই নির্যাস আকারে বেরিয়ে আসছে। এবা কিনা আবার দাবি করছেন যে, এতে তাঁরা হাজকে প্রামে সম্পূর্ণ স্বায়্রখাসন এনে দিয়েছেন। এজনাই আমি এর বিরোধিতা করছি।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I need not reply to the remarks which have got no connection with this clause. We have accepted the principles of the Anchal Panchayat and Gram Panchayat. These functions are given to the Anchal Panchayat and if these functions are not given then he Anchal Panchayat has nothing to do. My triends said that we shall pass the clause by force of votes. Of course in this House we do not pass in this House we do not pass in this pass this clause by force of votes. In the circumstances I oppose he amendment.

The motion of Dr. Saurendra Nath Saha that in clause 46(2), line 1, after the words "Anchal Panchayat" the words "by agreement with the Jovernment" be inserted, was then put and lost.

The question that clause 46 do stand part of the Bill was then put and greed to.

Clause 47

The question that clause 47 do stand part of the Bill was then put and greed to.

Clause 48

[Mr. Speaker: I take it that I have the leave of the House to take all he amendments as moved.]

- 8j. Balailal Das Mahapatra: I, beg to move that in clause 48(1), line, for the words "For every Auchal Panchayat, there shall be" the words "Every Anchal Panchayat shall appoint" be substituted.
- Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(1), line 2, after the word "who" the words "as a servant of the Anchal Panchayat" e inserted.
- 8]. Mrigendra Bhattacharjya: I beg to move that in clause 48(1), ines 3 to 7, for the words "be responsible for the preparation of its budget stimate of income and expenditure, the statement of accounts of the revious year, the report on the work done during the previous year and he work proposed to be done during the following year" the words perform duties assigned to him by the Anchal Panchayat" be substituted.

- **8j. Sasabindu Bera:** I beg to move that in clause 48(1), line 2, after the word "shall" the commas and words ", under the control of the *Pradhan* and, in his absence, the *Upapradhan*," be inserted.
- I beg also to move that in clause 48(1), line 3, after the word "shall" the commas and words ", under such control," be inserted.
- 8]. Subodh Banerjee: I beg to move that in clause 48(1), line 4, after the word "expenditure" the words "for the following year" be inserted.
- Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(1), line 7, after the words "during the following year" the words "and such other duties as may be assigned by Anchal Panchayat" be added.
- I beg also to move that the following proviso be added to clause 48(1), namely:—
 - "Provided that any two or more Anchal Panchayats may appoint one and the same person to be the Secretary, common to each of them. Such Anchal Panchayats shall pay their part of the salary and allowances to the Secretary in such proportion as the State Government may from time to time determine".
 - 8]. Raipada Das: I beg to move that clause 48(2) be omitted.
- **8]. Sasabindu Bera:** I beg to move that in clause 48(2), line 1, after the word "shall" the commas and words ", under the control of the *Pradhan* and, in his absence, the Upapradhan," be inserted.
- **8]. Sudhir Chandra Das:** I beg to move that in clause 48(2), lines 1 to 4, for the words beginning with "the executive" and ending with "in this behalf" the words "appointed by the Anchal Panchayat" be substituted.
- 8j. Balailal Das Mahapatra: I beg to move that in clause 48(2), lines 2 to 4, the words beginning with "and shall be" and ending with "in ithis behalf" be omitted.
- Or. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(2), lines 2 and 3, for the words "shall be appointed by" the words "shall be appointed by it with approval from" be substituted.
- 3j. Subodh Banerjee: I beg to move that in clause 48(2), lines 2 to 4, for the words beginning with "appointed by the State Government" and ending with "in this behalf" the words "elected by the members of the Anchal Panchayat at its first meeting at which a quorum is present in the manner prescribed" be substituted.
- **3].** Haripada Baguli: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words beginning with "State Government" and ending with "in this behalf" the words "Anchal Panchayat" be substituted.
- 8]. Kanai Lai Bhowmick: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words beginning with "State Government" and ending with "this behalf" the words "Anchal Panchayat itself" be substituted.
- 8j. Gangapada Kuar: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words beginning with "State Government" and ending with "in this behalf" the words "Anchal Panchayat preferably from among the voters of the area under its jurisdiction and at a meeting specially convened for the purpose in which more than one-half of the members are present" be substituted.

- **Sj. Tarapada Dey:** I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words "State Government" wherever it occurs, the words "Anchal Panchayat" be substituted.
- 8] Balailal Das Mahapatra: I beg to move that in clause 48(2a), 4 and 5, the words "subject to the approval of the prescribed authority" be omitted.
- Sj. Madan Mohon Saha: I beg to move that in clause 48(2a), lines 4 and and 5, for the words "subject to the approval of the prescribed authority" the words "and give intimation thereof to the prescribed authority" be substituted.
- 8j. Balailal Das Mahapatra: I beg to move that the proviso to clause 48(2a) be omitted.
- 8j. Jyotish Joarder: I beg to move that the following further proviso be added to clause 48(2a), namely:—
 - "Provided turther that the services of the Secretary may at any time be terminated by a resolution of the Anchal Panchayat carried by the votes of not less than two-thirds of the total number of members holding office for the time being, at a meeting specially convened for the purpose."
- **8]. Subodh Banerjee:** I beg to move that in clause 48(2b), lines 3 and 4, the words "through whom he shall be responsible to the *Anchal Panchayat*" be omitted.
- 8j. Balailal Das Mahapatra: I beg to move that in clause 48(2b), line 3, for the words "through whom he" the word "and" be substituted.
 - 8j. Raipada Das: I beg to move that clause 48(3) be omitted.
- 8j. Cangapada Kuar: I beg to move that in clause 48(3), line 1, for the words "State Government" the words "Anchal Panchayat" be substituted.

I also beg to move that in clause 48(3), line 3, after the word "Secretary" the words "subject to the approval of the State Government" be added.

- Sj. Subodh Banerjee: I beg to move that clause 48(4) be omitted.
- Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(4), line 1, before the words "The salary" the words "One-fourth of" be inserted.
- 8j. Narendra Nath Chosh: I beg to move that in clause 48(4), line 2, for the words "Anchal Panchayat" the word "State" be substituted.
- **Sj. Tarapada Dey:** I beg to move that in clause 48(4), line 2, for the words "out of the Anchal Panchayat Fund" the words "by the State Government" be substituted.
- Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(5), line 2, after the words "this behalf" the words "and subject to the approval by the $Gram\ Sabha$ at its general meeting" be inserted.
- I beg also to move that in clause 48(5), lines 2 and 3, for the words "appoint such additional staff" the words "in cases of emergency engage such temporary staff" be substituted.

\$j. Balailal Das Mahapatra:

মান্দনীর স্পীকার মহাশয়, আমার পাঁচটা য়্যামেন্ডমেন্ট আছে। আমি মনে করি এটা এই বিলের মধ্যে অত্যন্ত মারাত্মক ধারা। সরকার কথার কথার গণতন্দ্রের কথা বলেন। কিন্তু তাঁরা গ্রামাঞ্জলে আমলাতান্দ্রিক প্রতিষ্ঠা করতে চান, এই ধারাতেই তা স্কুস্পন্ট। আমি প্রথমেই আপনাদের দুন্টি আকর্ষণ করছি,

for every Anchal Panchayat there shall be Secretary.

এই অণ্ডল পণ্ডায়েতের সেক্রেটারী কে নিযুক্ত করবেন তা ৪৮(২)তে পরিষ্কার আছে। পরিষ্কারভাবে বলা হয়েছে সেক্লেটারী নিযুক্ত করবেন। স্টেট গভর্নমেন্ট অথবা

Prescribed authority—the secretary shall be the executive officer of the Anchal Panchayat and shall be appointed by the State Government in this behalf.

অর্থাৎ এতে পরিষ্কার হল যে, গ্রাম পণ্ডায়েতকে কোন অধিকার বা ক্ষমতা দেওয়া হল না। তাদের তাঁবেদার প্রতিষ্ঠানে পরিণত করা হল। ১০০ রকম কাজের দায়িত্ব দেওয়া হল, অথচ সমসত কাজকর্ম ও দায়িত্ব কন্টোল করবেন সেক্রেটারা। এই সেক্রেটারা গভর্নমেন্টের লোক। আবার মনোনীত সদস্যও আছেন, এ'রা সবাই গভর্নমেন্টএর স্পাইএর কাজ করবেন। প্রত্যেক ইট্টানিয়ন বোর্ড এ রিলিফ কমিটি গঠন করা হয়েছে। তাতে ইউনিয়ন বোর্ড এর প্রেসিডেন্ট ও অন্যান্য সদস্য আছেন। একজন এগ্রিকালচারাল য়্যাসিস্ট্যান্টকৈ রেখে দেওয়া হয়েছে। রিলিফ কমিটি স্থির করলেন ৫০০ লোককে রিলিফ দেবেন, কিম্তু সেক্রেটারা বললেন, না, দ্বাদা লোকের বেশী লোককে রিলিফ দেব না। কমিটির সমসত লোক একত্র হয়েও যদি প্রস্তাব পাশ করেন, তাহলেও সেক্রেটারীর এক কথায় সব সতস্থ হয়ে যাবে।

[3-20-3-30 p.m.]

সেখানে আরও যদি উদাহরণ দিয়ে বলি, তাহলে মন্ত্রীমহাশয় ব্রুতে পারবেন, তিনি কি জিনিস আমাদের ঘাড়ে চাপাচ্ছেন। তিনি হয়ত বলবেন, আমি লাঠি দিয়ে তো পাস করছি না, ভোট দিয়ে পাস করাছি। কিন্তু আমি উদাহরণ দিয়ে ব্রুথাব কি অবস্থা হছে। যেমন প্রার্থামক বিদ্যালয়, সেখানে স্কুল বোর্ড গঠন করা হছে। স্কুল বোর্ডের অধীনে শিক্ষকেরা আছেন, স্কুল কমিটি আছে। স্কুল বোর্ড এর অধীনে শিক্ষকেরা আছেন বলে কমিটির কোন কথা সেখানে চলে না। অধিকন্তু লোকাল কমিটির সংগাও কোন সম্পর্ক নেই। অর্থাং গভর্নমেন্টের অধীনে হলে কি অস্ক্রবিধা হয়, তাই দেখাছি। এই সেক্রেটারী সেখানে গিয়ে বসলে অঞ্চল পঞ্চায়েত তাঁর তাঁবেদার হয়ে কাজ করতে বাধ্য হবে। সেজন্যে আমার প্রথম য়্যামেন্ড্রেক্ট্র বলেছি,

"for every Anchal Panchayat there shall be a secretary"

এর জায়গার রাখা হোক.

"every Anchal Panchayat there shall be a secretary"

অর্থাৎ অঞ্চল পণ্ডায়েতই সেক্টোরী নিয়োগ করবে। এই জায়গায় আমি বলতে পারি, তাঁর কি কোয়ালিফিকেশন, কি যোগাতা হবে তা বরং গভর্নমেন্ট বলে দিতে পারবেন। এ সম্বন্ধে রেফারেন্স হিসাবে বলতে পারি উড়িষাার কথা। সেখানকার সেক্টোরীকে অঞ্চল পশ্চায়েত নিয়ন্ত্ব করেন, কেবল গভর্নমেন্ট বলে দেন, এই এই রকম যোগাতা সম্পন্ন লোককে নিতে হবে। তিনি উড়িষাার নীতি গ্রহণ করছেন না। তিনি গ্রহণ করছেন না। তিনি গ্রহণ করছেন একটা কদর্য জিনিস।

৪২০ নং সম্বন্ধে এই বলেছি.

"and shall be appointed by the State Government"

এটা একেবারে অমিট করে দিন। সেক্রেটারী হবেন

"appointed by the State Government"

এটা মোটেই রাখতে চাই নে।

তারপর ৪২৮ নং য়্যামেন্ডমেন্টএ বলা হয়েছে, সেক্টোরীকে বাই রিজলিউশন পাওরার দওয়া হবে, তাতে য়্যাপ্রভাল নিতে হবে কার না প্রেসকাইবড অর্থারিটির, এর চেরে লম্জাকর দাপার হতে পারে না, মন্টামহাশয়কে জিজ্ঞাসা করি এখানে তিনি বাংলা রাজ্যের মন্টা, তার সক্রেটারীকে বিদ ইন্ডিয়া গভনমেন্ট নিযুক্ত করে দেন, এবং উনি যা করবেন তার য়্যাপ্রভাল দি নিতে হয় ইন্ডিয়া গভনমেন্টএর কাছ থেকে সেটা সন্মানকর কি না? অঞ্চল পঞ্চায়েতকে এত ছোট এতে করা হচ্ছে যে, যদি তার সদস্যদের আত্মসন্মানবাধ থাকে, তাছলে প্রতিটি কথায় প্রস্করাইবড অর্থারিটির য়্যাপ্রভাল যেখানে নিতে হবে, সেখানে কাজ করতে তারা রাজী হবেন না।

Mr. Speaker:

প্রেসকাইবড অথরিটি নিয়ে কতবার বলবেন?

Si. Balailal Das Mahapatra:

প্রেসক্রাইবড অর্থারিটি নিয়ে নয়, তাকে যে দায়িত্ব দেবেন তাই নিয়ে বলছি, কারণ, এটা একটা মারাত্মক জিনিস। সেক্টোরীকে বাই রিজলিউসন অঞ্চল পণ্ডায়েত কান্ধের দায়িত্ব দেবেন, কিন্তু সেই দায়িত্ব পালনের মঞ্জারী নিতে হবে প্রেসক্রাইবড অর্থারিটির কাছ থেকে এর চেয়ে অপমানকর বাবন্ধা আরু কি থাকতে পারে?

তারপর ২(এ)তে যে প্রোভাইসো, তাকে অমিট করতে বর্লোছ। সেক্টোরীকে দেওয়া ক্ষমতা র্যাদ অঞ্চল পঞ্চায়েত ফিরিয়ে নিতে চান, তাহলে প্রেসক্রাইবড অর্থারিটকে ইনফর্মেসন দিতে বে এ বাবস্থা মোটে রাথতে চাই নি।

২(वि) एक वला इस्साइ.

"subject to the provisions of sub-section (2a), the secretary shall act in respect of all other matters under the direction of the Pradhan through whom he shall be responsible to the Anchal Panchayat."

এর্থাৎ সেক্রেটারী প্রধানের ডাইরেকসনএ কাজ করবেন, কিন্তু

through whom he shall be responsible to the Anchal Panchavat?

সেখানে বলা হয়েছে, প্রু হ্ম অর্থাং প্রধান মারফত, তিনি অঞ্চল পঞ্চায়েতের নিকটে জবাব দবেন। আমি বলছি এটা হতে পারে না। প্রধানের নিদেশি তিনি কাজ করবেন, আর প্রু ুমএর জায়গায় আমি বলেছি,

and he shall be responsible to the Anchal Panchayat

এর্থাৎ প্রধান মারফত নয়, সেক্টোরী তার কাজকর্মের জন্য সোজাসনুজি অঞ্চল পঞ্চায়েতের কাছে ।
ন্যা থাকবেন। যদি অঞ্চল পঞ্চায়েতকে সত্যিকারের গণতান্দ্রিক প্রতিষ্ঠানে পরিণত করতে ।
ন এবং যোগ্য বান্তিকে এখানে আনতে চান, তাহলে এই যান্তিসংগত য়াামেন্ডমেন্টগা্লি যেন ।
ত্বিল করেন।

8j. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পণ্ডায়েও বিলে যতগুলি জঘনাত্ম ধারা আছে, তার মধ্যে এই 3৮ নং অন্যতম। এতে বলা হয়েছে, সেক্টোরী যিনি নিযুদ্ধ হবেন, তিনি বাজেট তৈরী দরবেন, আর বায়ের হিসাব তৈরী করবেন, কিভাবে থরচ হবে না হবে, তা দেখবেন। গও বছরের মাজকর্মা সম্পর্কে রিপোর্ট তৈরী করবেন এবং পরের বছরের কাজকর্মার ফিরিস্তিত বের দরবেন। আমার প্রশন হচ্ছে, তাহলে অণ্ডল পণ্ডায়েও কি করবেন? মন্দ্রীমহাশারের সেক্টোরী যিদ সব করেন, তাহলে মন্দ্রীমহাশারের থাকবার দরকার কি? সরকারের মনোনীত লোক যদি বব করেন, তাহলে এই অণ্ডল পণ্ডায়েও কি ঠুটো জগমাধের মত বসে থাকবেন? এতে তোকান আত্মসম্মান সম্পন্ন লোক আসতে চাইবে না। অণ্ডল পণ্ডায়েও নির্বাচিত হল অথচ তাদের কান ক্ষমতা রইল না। একজন সেক্টোরী যিনি বেতনভূক কর্মচারী মাত্র তার উপরেই সমস্ত্রণারিছ দেওরা হয়েছে, অথচ তাকে যে অণ্ডল পণ্ডায়েতের কাছে তার কাজকর্মের জনা কৈফিরত দতে হবে, সেরকম কোন প্রভিসন রাখলেন না। সেজনো আমার সংশোধনীতে বলেছি, বেখানে হরছে,

"for the preparation of its budget estimate of income and expenditure, the statement of accounts of the previous year, the report on the work done during the previous year and the work proposed to be done during the tollowing year"

সেথানে বর্লোছ,

"perform the duties assigned to him by the Anchal Panchayat." Anchal Panchayat

যা নির্দেশ দেবেন, সেই নির্দেশ অন্যায়ী সেক্নেটারীকে কাজ করতে হবে, এইটেই গণতান্তিক পশ্চতি। আশা করি মাননীয় মন্ত্রীমহাশয়, আমার এই য়্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

আমার সংশোধন হচ্ছে যে, অণ্ডল পণ্ডায়েতের সেই কর্মচারী, সেই সেক্টোরী, যা নির্দেশ দেবেন, সেই নির্দেশ অনুযায়ী তিনি কাজ করবেন, এটা সত্যিকার অগণতান্দ্রিক কাজ হবে। কারণ, নির্বাচন হলে পর জনসাধারণের কাছেই দায়িছ থাকে এবং সেখানে যে কর্মচারী নিযুত্ত হবেন, যদি এই কর্মচারী নিযুত্ত করবার ভার অণ্ডল পণ্ডায়েতের না থাকে, সরকারই সেই নিয়োগ করতে থাকেন, তবে তা সত্ত্বেও এইটাই হওয়া উচিত যে অণ্ডল পণ্ডায়েত যেভাবে কাজ করবার নির্দেশ দেবেন, সেইভাবে সেক্টোরী কাজ করতে বাধ্য হবেন। এই রকম আইনই হওয়া উচিত। কিন্তু স্পীকার মহাশয়, আমার এই সেকশনটা দেখে মনে হচ্ছে যে, নির্বাচিত প্রতিনিধরা এর ফলে ঠাটো জগমাথ হবেন। সরকারের একজন বেতনভোগী কর্মচারীই সর্বেস্বা হবেন। এভাবের হলে পর কোন আত্মসম্পান জ্ঞানসম্পন্ন লোক এতে যাবেন না। সরকারের একটি তাবিদার স্টিট করাই এর উদ্দেশ্য। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যে, এই ধারাটা প্রত্যাহার কর্ন, এ সম্বন্ধে প্রনির্ববেচনা কর্ন এবং আমি যে সংশোধন এনিছি, তা গ্রহণ কর্ন। নচেৎ এই রকম প্রতিক্রিয়াশীল ধারার মধ্যে কোন সংলোক আসবে না।

[3-30-3-40 p.m.]

8j. Sasabındu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, পরোক্ষ নির্বাচনের দ্বারা অণ্ডল পণ্ডায়েত গঠনের ব্যবস্থা হওয়ার জনা অণ্ডল পণ্ডায়েতের ম্বারা সৃহ্ঠ্যুভাবে কাজ হবে না। তারপরে আবার এই সেক্রেটারীকে যেভাবে ক্ষমতা দেওয়া হচ্ছে, তাতে পণ্ডায়েতের পণ্ডত্বের ব্যবস্থা থাকবে ব'লেই মনে করি। কাজেই সেক্রেটারীর হাতে এত ক্ষমতা দেওয়া উচিত নয়, কেন না সে ক্ষমতা জনসাধারণের তরফ থেকে পঞ্চায়েতের উপরই দেওয়া হচ্ছে। একটা কথা বোঝা উচিত যে, এই অঞ্চল পঞ্চায়েত বা এই পঞ্চায়েতকে সাহায্য করবার জনাই সেক্টোরী নিয়োগের প্রয়োজন। এট.কু অন্ততঃ বিবেচনা করে কাজ করা উচিত। এটা ভাবা উচিত নয় যে, সেক্টোরীই সর্বময় কর্তা এবং পঞ্জায়েত বা অঞ্চল পঞ্জায়েত তা একটা য়াাডভাইসরি বডি মাত। কিন্ত বিলের ব্যবস্থা দেখে এতে বোঝা যায়, পণ্ডায়েত সম্বন্ধে আমাদের স্কৃপন্ট ধারণা নাই। বস্তৃতঃ পক্ষে পণ্ডায়েতের কাজকর্ম করতে সাহায়া করবার জনা সেক্রেটারী একজন উপযুক্ত ব্যক্তি হওয়া উচিত। কাঞ্চেই ু হিনি এই সেক্রেটারী হবেন তিনি সম্পূর্ণরূপে অঞ্চল পণ্ডায়েতের কন্ট্রোলএই থাকবেন। তিনি অফিসের চার্চ্চে থাকতে পারেন, কিন্তু তাঁকে অণ্ডল পণায়েতের কন্ট্রোলে থাকতে হবে, অর্থ 🖈 বে কোন কাজকর্মের ক্ষমতা দেওয়া হউক বা যে কোন অধিকার দেওয়া হউক, সর্ববিষয়ে তাঁকে অঞ্চল পঞ্চায়েতের কন্দ্রোলে থাকতে হবে, এবং অঞ্চল পঞ্চায়েতের ইচ্ছা বা নির্দেশের বাহিরে কোন কমেই সেকেটারী যেতে পারবেন না। এই রকম বিধি ব্যবস্থাই থাকা সমীচীন। যদি অঞ্চল পঞ্চায়েতের মধ্যে পঞ্চায়েতের নাম গন্ধ কিছু রাখবার ইচ্ছা থাকে, তাহলে আমি যে সংশোধন দিরেছি যে,

"Secretary shall be in charge of the office of Anchal Panchayat" এখানে স্যাল্ঞর পরে.

"under the control of the *Pradhan* and in his absence the *Upapradhan*" কগাগ্লি বোগ করতে হবে, আর বেখানে আছে, স্যাল বি রেসপন্সিবল, সেখানে আমি বলেছি: "shall, under such control, be responsible"

অর্থাৎ অঞ্চল পশ্চারেতের কন্দ্রোলেই তিনি থাকবেন,—এই সংশোধন প্রস্তাবগুলি নিতে হঞ্চে

তারপরের স্নামেন্ডমেন্ট ৪১৮ নং সেটা ঐ একই ধরণের। সেখানে

"Secretary shall be the executive officer"

সে জায়গায় আমি বলেছি.

"Secretary shall, under the control of the *Pradhan* and in his absence the *Upapradhan* be the executive officer'

অর্থাৎ সব সময়েই সেক্টোরী অণ্ডল পণ্ডায়েতের কন্টোলের মধ্যে থাকবেন, এই আমার কথা।

Sj. Subodh Banerjee:

মিঃ দ্পীকার, স্যার, প্রথমে ৪৮ নং ধারার ১ নং উপধারার ভাষাটা একট্ দেখ্ন। এখানে বলছে,

"for every Anchal Panchayat, etc., there shall be a secretary who shall be in charge of the office of the Anchal Panchayat and shall be responsible for the preparation of its budget estimate of income and exponditure, the statement of accounts of the previous year".

এখন এই যে কথাটা যে বাক্তেট উনি করবেন সে budget estimate of income and expenditure এটা of which year, অর্থাৎ কোন বছরের বাক্তেট? আগের বছরের হিসাব যেমন দাখিল করবেন, তেমনি পরের বছরের বাক্তেটও করতে হবে। একটা জায়গায় রয়েছে, ''statement of accounts of the previous year''.

স্তরাং এই ক্ষেত্রে ফলোইং ইয়ার কথাটা বাবহার করা। দরকার। আমি তাই প্রথম সংশোধন প্রস্তাবে বলছি:

"budget estimate of income and expenditure of the following year"

অর্থাৎ ফলোইং ইয়ার কথাটা যোগ করে দিতে চেয়েছি। তা না হ**লে** মানে দাঁড়ায় না। তা না হলে

budget estimate of the previous year

হয়ে যাবে। সেটা ইংরাজীর ভল এবং আইনের দিক থেকেও ভল হবে।

শ্বিতীয়তঃ আমার ৪২২ নং সংশোধনী প্র⊁তাব, সেখানে আমি একটা নাঁতিগত প্রশন তুর্লোছি, অবশ্য সেটা আগেই সেটলড হয়েছে। আমি সেকেটারাঁকে ইলেক্ট করার কথা বর্লোছ, তাই এই কথাগুলো বাদ দেবার কথা ব্লোছিলাম,

"shall be appointed by the State Government"

তারপর ৪৮ নং ধারার (৩) এবং (৪) নং উপধারা বাদ দিতে বলছি। এটার একটা মৃদ্ধি আছে। গভর্নমেন্ট অঞ্চল পণ্ডায়েতগুলিব যে সেক্টোরীব পোণ্ড, সেই পোণ্ডএর গ্রাইন-কান্ন ঠিক করবেন, এই বিলে তা বলা হয়েছে। কি সম্বন্ধে আইন স

"Rules prescribing the method of recruitment, conditions of service, pay and allowances and the age of superannuation."

এসব বলবার কি দরকার ছিল? ও'বা যদি কেডার তৈরী করেন সেক্টোরীর জন্য কোন এনাক্টে এ রকম কিছু হয় না। আপনি জানেন যে বেগগল মিউনিসিপালে এনাক্টে একজিকিউটিড অফিসার আপেরেন্ট করার কথা থাকলেও, কাকে সে পদ দেওয়া হবে বা হবে না, সেসব কথা কিছুই নেই। অথচ এখানে সেকেটারীর বেলা একটা স্টাট্টের প্রভিসন দেবার কি কারণ আছে ব্রুতে পারি না। তা ছাড়া, এই সব সেক্টোরীর মাহিনা অঞ্চল পঞ্যায়েতের ফণ্ড থেকে দেওয়া হবে. এটা আপত্তিজনক। একটি কয়েক শত টাকার মাহিনার অফিসার অঞ্চল পঞ্যায়েতের বাড়ের উপর বসিয়ে দিলেন, সারা বছর ধরে, যার নাকি আয় মাত্ত ৮ 1১০ হাজার টাকা তার উপর বসিয়ে দিলেন, সারা বছর ধরে, যার নাকি আয় মাত্ত ৮ 1১০ হাজার টাকা তার উপর বিদ ও হাজার টাকা মাহিনার অফিসার চাপান হয়, তাহলে মাহিনা দিতেই সব চলে যাবে। অঞ্চল পঞ্যায়েত বাকী কটা টাকা নিয়ে করবে কি? মন্ট্রীমহাশয় বলেছেন যে, এই সেক্টোরীর পোন্টের জন্য একটা কেডার তৈরী করা হবে। এ নিশ্চয়ই ৫৫ টাকা মাহিনার কেডার নয়,

একটা মোটা বেডনের লোক হবে। এই অফিসার প্রতেই যদি অগুল পণ্ডায়েতের সব টাকা চলে যায়, তাহলে পথঘাট তৈরী করা, পানীয় জলের ব্যবস্থা করা, রাস্তায় আলো দেওয়া, অর্থাৎ যেগ্লোর জনাই অগুল পণ্ডায়েত এবং গ্রাম পণ্ডায়েত গঠন, গ্রাম্য জীবনটা স্ব্থস্বাচ্ছল্দাময় করার জন্য যা প্রয়োজন, সেগ্লোর একটিও হবে না। শ্ব্দ্ব অফিসার প্রতেই তার কাজ শেষ হয়ে যাবে। অবশ্য এই গভর্নমেন্টের যা চরিত্র তার সংগ্য এই বাবস্থা ঠিকই মেলে। কারণ, হাফপ্যান্ট প্রতেই এখন সব টাকা চলে যায়, সোস্যাল সাভিস্মে হাত দেবার বেলায় বলা হয়. টাকার অভাব। সেই দ্বিউভগা এই বিলের মধ্যে রয়েছে। মিউনিসিপ্যালিটির ব্যাপারেও দেখা যায় যে, বড় বড় অফিসার সেখানে লাগিয়ে দেওয়া হচ্ছে, যাদের মাহিনা দিতেই মিউনিসিপ্যালিটির সব টাকা শেষ হয়ে যায়। তাই বলব

Government must pay the salary and allowances of the secretary.

গভর্নমেন্ট যখন এই অফিসারকে নিয়োগ করেছেন, তখন গভর্নমেন্টেরই তার বেতন ও ভাতার খরচ করা উচিত, অঞ্চল পঞ্চায়েতের নয়।

[3-40-3-50 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

স্যার, এতে ৪৮ নং ধারায় কর্মচারী ও ভৃত্য নিয়োগের ব্যবস্থা দেখতে যত সন্ন্দর প্রকৃতই অতটা সন্ন্দর নায়। এই ধারাটিতে ৫টা উপধারা যোগ করা হয়েছে, এবং তার ফলেই পঞ্চায়েতের পঞ্চপ্রাণিতর ব্যবস্থা করে দেওয়া হয়েছে। আমি জ্ঞানবাব্র য়্যামেন্ডমেন্টগ্র্লো সমেত স্ব একসংগ্য বলে যাছি। ৪১১(এ)এতে যেখানে বলা আছে,

"Secretary who shall be in charge of the office"

সেখানে হার পরে আমরা বলতে চাচ্ছি

"who as a servant of the Anchal Panchayat"

তিনি গভর্নমেন্ট কর্তৃক নিয**্ত** হবেন, কিন্তৃ তাঁর বেতন দেবেন অঞ্চল পণ্ডায়েত, এটা হলে হবে এই যে, তিনি গভর্নমেন্ট সার্ভেন্ট হবেন এবং তাঁর উপর যে কাজগ**্লি য়্যাসাইন করা হবে,** তার বেশী তিনি আর অন্য কোন কাজ করবেন না। কিন্তৃ যদি তিনি অঞ্চল পণ্ডায়েতের কর্মচারীর্পে কাজ করতে বাধ্য থাকেন,

as a servant of the Anchal Panchayat,

তাহলে তিনি অণ্ডল পণ্ডায়েতের আদেশ মতন কাজকর্ম করতে বাধা হবেন। অতএব এটা না হয়ে তিনি যদি গভর্নমেন্ট অফিসার হন, তাহলে তাদের আদেশ তিনি আর মানবেন না।

তারপর দ্বিতীয় য্যামেন্ডমেন্টটাতে বলতে চাচ্ছি যে, তাতে যেখানে আছে,

"work proposed to be done during the following year and such other duties as may be assigned by the Anchal Panchayat."

সেখানেও সেই একই কারণে গভর্নমেন্ট সার্ভেন্ট হলে তিনি অঞ্চল পঞ্চায়েতের নির্দেশান্মারে কাজ করতে বাধা হবেন না। কারণ আমরা দেখতে পাই যে, গভর্নমেন্ট কর্মচারীরা তাদের নির্দিণ্ট ডিউটি ছাড়া তার বাহিরে অন্য আর কোন কাজ করতে চান না। এছাড়া দেখা যায় যে, গভর্মমেন্ট কর্মচারীদের মধ্যে যারা কাজ করেন, তারাই প্রাণপণে কাজ করেন এবং বাকী বেশীর ভাগই কাজ করতে চান না বলে এরিয়ার্স পড়ে থাকে। সেজনা বলছি যে, গভর্নমেন্টের যা য়াসাইন্ড ডিউটি তাতো তিনি করবেনই, তা ছাড়া অঞ্চল পঞ্চায়েত যেসব কাজের বাবস্থা করবেন, সেগ্রেণ্ডি যেন তিনি করতে বাধ্য হন। তাই আমি বলছি যে,

"on such other duties as may be assigned by the Anchal Panchayat"

এর সপ্সে যোগ করে দেওরা হোক। এখানে যে একটা প্রোভাইসো যোগ করতে বলা হচ্ছে, তাতে বলা হচ্ছে বে, গভর্নমেন্ট অতিরিক্ত একজন সেক্তেটারী নিয়োগ করে দেবেন। কিন্তু এটা করলে হবে এই যে, একটি অঞ্চল পণ্ডায়েতের পক্ষে তার বেতন দেওয়া সম্ভবপর হবে না। স্কৃতরাং এখানে এই কথাই বলা হচ্ছে বে, তিনি যেন একাধিক অঞ্চল পঞ্চায়েতের সেক্তেটারীর্পে কাজ করতে পারেন, তার বাবস্থা করা হোক। এখানে একটা কথা আসতে পারে বে, তিনি ন্যায় পঞ্চায়েতের ক্লার্ক হিসাবেও কাজ করবেন। সেজনা বলব বে, যদি তাঁকে ন্যায় পঞ্চায়েতেরও কাজ করতে হয়. তাহলে একই দিনে হয়ত অধিবেশন হবে না, যদি সেগুলো য়াডজাস্টমেন্ট না করে নিতে পারা যায়। এইজনাই বলা হচ্ছে যে, অতিরিস্ত বেতনে যদি লোক নিয়োগ করা হর, তাহলে একাধিক অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারার্পে কাজ করবার ক্ষমতাও তাঁকে দেওয়া হোক। তাহলে থরচের সাশ্রয় হবে।

তারপর ২(এ) উপধারার একটা কথা আমি এখানে বাদ দিতে ব**লছি এবং সেখানে** বলভি যে

"Secretary shall be executive officer of the Anchal Panchayat and shall be appointed by it with approval of the State Government."

এখানে র্যাপ্রভাল অব দি গভর্নমেন্ট বলার উদ্দেশ্য হচ্ছে এই যে, তার যোগাতা কি হবে, কি রকম ধরণের লোক হবে, এটাই শুধু গভর্নমেন্ট নির্দেশ করবেন। কারণ অঞ্চল পঞ্চায়েত যখন তাকে বেতন দেবে, তখন তাদের ইচ্ছানুযায়ী লোক নিযুদ্ধ হওয়াই উচিত, সেজনা তারা গভর্নমেন্টের অনুমতি নিয়ে লোক নিয়োগ করবেন। এখানে সেকেন্ড প্রোভাইসোটাকে আমি বাদ দিতে বলোছ। এখানে দেখা যাচ্ছে যে, গভর্নমেন্ট দেশের লোককে অবিন্বাস করছেন যে, তাদের মনুষ্যন্থ নেই বা তাদের কোন যোগাতাই নাই, যার স্বারা তারা নিজেরা স্বাধীন মত কাজ করতে পারে। তাই এখানে বলা হচ্ছে যে.

"Provided that when any power delegated to the Secretary is withdrawn or modified."

অর্থাং তারা এতই নাবালক সেক্রেটার্রাকে কি ক্ষমতা দেবে না দেবে, সেটাও বিবেচনা করবার ক্ষমতা তাদের নেই। কাজেই এতে দেখা যাছে যে, গ্রামের লোকের প্রতি গভর্নমেন্ট কি রক্ষম মনোভাব পোষণ করেন এবং সেটা এই প্রোভাইসো ব্যারাই প্রমাণিত হছে। এখানে অন্যান্য বস্তারাও বলে গেছেন যে, গ্রামের নির্বাচিত পণ্ডায়েতের উপরেও সেক্রেটারীকে আবার ক্ষমতা দেওয়া হছে। কাজেই সেক্রেটারী ছাড়া এখানে যাঁরা পণ্ডায়েতে নির্বাচিত হবেন, তাঁদের কি এতটাকুও মনুষাত্ব নেই যে, সেক্রেটারীর সংগা কি রক্ষমভাবে বাবহার করতে হবে, সেটা তারা জানেন না। সেজনা বলছি যে, কোন আয়ুজ্ঞানসম্পান্ন লোক এই বাবস্থায় রাজী হবেন না। এ ছাড়া সেক্রেটারীর সালোরি সম্বন্ধেও আমি একটা বলব, যেখানে

"salary and allowances of the Secretary"

ব কথা বলা হচ্ছে, সেখানে আছে যে,

"The salary and allowances of the Secretary shall be paid out of the Anchal Panchayat fund"

প্রথমে যোগ করতে বলি,

"one-fourth of the salary and allowance"

এবং সবশেষে

Anchal Panchagat tund

এর পর আমি যোগ করতে বর্লাছ যে.

"Three-fourths salary and allowances of the Secretary shall be paid by the State"

কথাগ্লি। অর্থাং যদি হাইলি পেড কর্মচারী হয়, তাহলে ওয়ান-ফোর্থ ঐ অণ্ডল পণ্ডায়েতের ফাণ্ড থেকে দেওরা হবে এবং বাকী প্রি-ফোর্থটা গভর্নমেন্ট দেবেন। এর কারণ হচ্ছে যে, যেহেতু গভর্নমেন্ট তাঁকে নিযুক্ত করবেন, সেহেতু তার কিছু বেতনও অণ্ডল পণ্ডায়েত দেবে এবং বাকী প্রি-ফোর্থ গভর্মমেন্ট থেকেই দেওয়া উচিত। অণ্ডল পণ্ডায়েতের পক্ষে সবটা বহন করা অভান্ত কন্ট্যাধা বা অসম্ভব হতে পারে।

[3-50-4 p.m.]

তারপর আর একটা কথা বলা হচ্ছে, সেই এমার্ক্ডেশিসতে র্য়াডিশনাল দ্টাফ নিরোগ করবার সমন্ত্র..... Mr. Speaker: You are not ready with your point.

Dr. Krishna Chandra Satpathi:

য়্যাভিশনাল দ্টাফ নিয়োগ করবার সময় গ্রাম পণ্ডায়েতের সপ্পে পরামর্শ করা হবে, এই যা হচ্ছে তাতে স্বায়ত্বশাসন থাকবে না, স্বায়ত্বশাসনের ন্ধামে আরও বেশী পরাধীন করা হবে।

8). Sudhir Chandra Das:

মাননীর স্পীকার মহোদর, এই ৪৮ কুজএ আবার যে অগণতান্দ্রিক পঞ্চারেত প্রতিষ্ঠান গড়বার চেন্টা হরেছে.......

Mr. Speaker: Confine to your amendment.

8j. Budhir Chandra Das:

আমার য়্যামেন্ডমেন্ট যেটা এনেছি, সেটা হচ্ছে অঞ্চল পণ্ডায়েতকৈ ক্ষমতা দিতে হবে। তার সেকেটারী নিয়োগের যে ক্ষমতা, সেই ক্ষমতাকে হরণ করে নিচ্ছেন। এ পর্যান্ত যতগালি ধারা উপধারা পাশ করা হল, তাতে প্রচর ক্ষমতা হরণ করে নেওয়া হয়েছে ভোটের জোরে। এবং শোষে যে সমুস্ত ধারা আছে, তার মধ্যে এই যে ৪৮এর ধারা যা আলোচনার জন্য এখানে উঠেছে এই ধারাটায় অতাহত মারাত্মকভাবে ক্ষমতা সংক্ষিত করে দিয়ে সেই ক্ষমতা কেডে নেবার চেণ্টা করা হচ্ছে। সেটা কথনও চলতে পারে না। এজন্য আমার এই য্যামেন্ডমেন্ট এর্নোছ। আজ কোন পঞ্চায়েত এলেকায় যদি কোন যোগ্য লোককে খ'্জে বার করতে বলা হয়, যে ভাল সাভিস দিতে পারবে, তাহলে সে এলেকার লোক নিশ্চয়ই সেটা দিতে পারবে এবং কম টাকায় যাতে ভাল সাভিস পাওয়া যায়, সেরকম লোক তারা নিশ্চয়ই বাছাই করে দিতে পারবে। আজ ৫০ টাকায় গ্রাজ্যয়েট আন্ডার গ্রাজ্বয়েট পাওয়া যাবে, যারা বাজেট তৈরী, হিসাব পত্র তৈরী করে দিতে পারবে, তাছাড়া নোটিশ ইত্যাদি দেওয়া, এমন কিছু, আইন টাইন নয়, তার জনা গ্রাজ্বয়েট আন্ডার গ্রাজ্ঞারেট হলেই যথেণ্ট। গ্রাম দেশে এত বেকার লেখাপড়া জানা এত ছেলে আছে, যারা গ্রাজ্যরেট, আন্ডার গ্রাজ্যরেট ৫০ টাকায় বাড়ীতে থেয়ে পরে ভালভাবেই সার্ভিস দিতে পারবে। मिक्रमा आमता ठारे या. अकल भक्षाराहरू त्राभिराक्षेत्रके मितात भक्षा क्रमण क्रमण थाकरत। আর এটা যদি স্টেট গভর্নমেন্ট করেন ভাহলে এর অর্থনৈতিক দায়িত্ব আছে বলে স্টেট **গভর্নমেন্ট পরে ১৫০-১৭৫ টাকার স্কেল ওব উপর চাপিয়ে দেবেন কেননা বাহিবেব একটা लाटकत थ्यारा भरत थाकर**ू **राहल को** प्रोकात करूम द्वार मा। यीम ५५० प्रोका करत् करतन তাহলে বছরে ১৮ শত টাকা লাগবে। একটা ইউনিয়ন চালাতে গেলে চৌকিদার দফাদারদের বেতন দিতে ১৮০০ টাকা লাগে।

Mr. Speaker:

আপনার য়ামেন্ডমেন্ট সম্বন্ধে বল্ন। Please speak on your amendment.

8]. Sudhir Chandra Das:

এই দায়িত্ব আছে বলে এটা বলছি এবং সেজনাই আমার কথা হচ্ছে যে, য়াপয়েদ্টমেদ্ট করবার ক্ষমতা অঞ্চল পশ্চায়েতের থাকা উচিত। অঞ্চল পশ্চায়েতের ফাশ্ড থেকে টাকা সরবরাহ করতে হবে, তথাপি দেটি গভনমেদ্ট যে মারাত্মক আমলাতান্দ্রিক কাঠামো ব্টিশ চালিয়েছিল, সেই মারাত্মক কাঠামোর উপরই পশ্চায়েতকে প্রতিষ্ঠা করবার চেন্টা হচ্ছে, সেক্টোরীর মাধামে সেই কাঠামোই রাখা হবে। যে বেতনের দ্বেকল রাখতে হবে, সেটা তো আমাদেরই মেনটেন করতে হবে। অঞ্চল পশ্চায়তকে কম পক্ষে বছরে ১৮০০ টাকা খরচ করতে হবে, বিদ গভনমেন্টএর হাতে নিয়োগ হয়। এত গেল অর্থনৈতিক দিক। তা ছাড়াও এটা থাকা উচিত নয়, এটা কেন থাকবে? কোন ব্রত্থিই নাই? পশ্চায়েত কি এত অযোগা যে তারা লোক বাছাই করতে পারে না? নিশ্চয়ই তারা পারবে বলে মনে করি। এমন যদি হত যে, The State (hovernment shall make rules prescribing the conditions of service, pay and allowance, etc.

তাহলে হত। কিন্তু পঞ্চায়েতের যে অধিকার য়্যাপয়েন্ট করবার, সে অধিকার আপনারা দিচ্ছেন না কেন? একটা প্যানেল যদি করতেন, এমনও আমরা শ্লেছিলাম মন্ট্যীমহাশয়ের কাছে বে একটা এলেকাতে যেথানে পঞ্চায়েতের সেকেটারী নিয়োগ করা হবে, পঞ্চায়েত যদি যোগ্য লোক বাছাই করে দেয়, ২।৩ জন এবং তার ভিতর যে কোন একজন কাজ করবে, তাহলেও হত। কিন্তু আপনারা সর্ববিষয় প্রতিধারায় যা পাশ করছেন, স্বগ্লিতেই গণতান্দ্রিক ক্ষমতা হরণ করছেন, সেজন্য আমি বলি, আমার এই য়ায়েন্ডমেন্ট স্বীকার করে নিন।

Si. Haripada Baguli:

মাননীয় প্রণীকার মহাশয়, সেক্রেটারী নিয়োগ সম্পর্কে সরকারের যে ক্ষমতা নীতিগতভাবে আমরা তার বিরোধী। যারা তাঁদের টাকা দেবেন, সেই অঞ্চল পণ্ডায়েত তাঁদের নিয়োগ করবেন, এই অধিকার আমরা রাখতে ঢাছিছ। এই প্রসংগ্র মাননীয় মন্দ্রীমহাশয়ের কাছে আমার একটা জিনিস জানার আছে, যে প্রায় দ্ব্ব বছর আগে ও'রা জেলা বোর্ডের চেয়ারম্যানদের কাছে একটা সাকুলার দিয়েছিলেন যে, পণ্ডায়েতের যাঁরা সেক্রেটারী হবেন,

He should be graduate preferably in law.

তাহলে এর ভেতর এরকম কোন উদ্দেশ। আছে কিনা যে, মজেল শ্না উকিল যাঁরা আমাদের দেশে আছেন, তাঁদের এইসব কাজে নিযুত্ব করবেন, অথবা আর একটা সাকুলার দিয়েছিলেন, প্রতাক ইউনিয়ন বোডের মাট্রিকুলেট ক্লাকাদের কাছে যে তাঁরা যদি অণ্ডল পণ্ডায়েতের অধানে কাজ করতে চান, তাহলে তাঁরা যেন দরখাদত করেন। এর ভেতর কোনটা ঠিক, কোন শ্রেণার লোককে ও'রা সেক্টোরী নিযুত্ব করবেন, তাঁদের পে শেকল কি হবে, তাঁদের সম্বন্ধে কি রুলস করবেন, সে সম্পর্কে এখানে একটা আভাষ যদি উনি দেন, তাহলে ভাল হয়।

আর একটা কথা, সেটা নীতিগতভাবে আমবা প্রথম থেকে প্রতিবাদ করে আসন্থি, ৪৮এ ধারা subject to the approval of the prescribed authority.

এই যে কথায় কথায় প্রেসকাইবড এথ্নিটিন খবনদাবী, এটা যদি চলে ভাহলে কোন পণ্ডায়েণ্ডের কাজকর্ম সহজে এবং স্বাধীনভাবে চলতে পাববে না। তাদের এই খবরদারীটা যাতে না থাকে, সেইটাই আমরা চাই। এটার আবার আমি প্রতিবাদ কর্মছি।

4-4-10 p m]

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় স্পীকার মহাশয়, আমার যে য়ামেন্ডমেণ্ট সেই য়ামেন্ডমেণ্ট সম্পর্কে আমি বলছি যে, মল্টীমহাশয় এই বিলের সম্পর্কে প্রথম থেকেই এমন একটা মনোভাব নিয়েছেন যে, গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতকে প্রথম থেকেই তিনি সন্দেত করতে আরুছ্ড করেছেন। তার মাথায় প্রথম থেকে চুকেছে যে, ইউনিয়ন এবং গ্রামে ভাল লোক বাছাই করার ক্ষমতা বোধ হয় গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের হবে না। তাছাড়া এই সমুহত কাজকর্ম বোধ হয় ঐ অঞ্চল পঞ্চায়েতগুলি ঠিকঠিক মত করতে পাববে না, যাব জনা তাদের উপর এক একটা অফিসার চাপিয়ে দেবেন এফিসিয়েন্সীর নামে এবং কার্যকারিতার নামে। সেজনা সেক্টোনীকে গভনামেন্ট নিজের হাতে নিয়োগ করবার অধিকার রেথেছেন, তাদের মাইনাপত্র ও সাহ্রিস সমুহত কিছু নিজেরাই ঠিক করে দেবেন। এই সমুহত ব্যবহুখা তারা নিজেদের হাতে রেথেছেন। তাদের এত সন্দেহের কারণ কি অথ্য তারাই বলছেন যে, গ্রাম পঞ্চায়েতের হাতে এবং অঞ্চল পঞ্চায়েতের হাতে সত্যকারের স্বায়ন্থশাসনের অধিকার তারা দিতে চান, দেশের লোক নিজেদের সমুহত কাজকর্ম নিজেরাই পরিচালনা করবেন, এই জিনিস তারা করতে চান।

তাহলে সেই দেশের লোক দ্বারা নির্বাচিত যে সমস্ত প্রতিনিধি অঞ্জ পঞ্চায়েতে আসবেন তাদের আসল ক্ষমতা দিছেন না কেন ক্ষমতার অনেক ফ্রিরিস্ত দেওয়া সত্ত্বেও সমস্ত কাজকর্মের উপর একজন অফিসার চাপিয়ে দিছেন, এবং এক্ষেক্তে অঞ্জ পঞ্চায়েতের সমস্ত কাজের উপর একজিকিউটিভ অফিসার বলে সেক্তেটারী চাপিয়ে দিছেন এবং আইনেও লিখে দেওয়া হছে

he will be executive officer and shall be appointed by the State Government

বদি অন্তর্গ পণ্ডারেতেরই সেক্রেটারী হয়, তাহলে অণ্ডল পণ্ডায়েতকে কেন তাঁর নির্বাচনের অধিকার দিচ্ছেন না? গভর্নমেন্ট নিজে কেন ক্ষমতা নিচ্ছেন? বদি অণ্ডল পণ্ডায়েতের হাতে ক্ষমতা না দেন তাহলে কাজ কি করে হতে পারে? সেক্রেটারীর সংশ্য অণ্ডল পণ্ডায়েতের খিটিমিটি লেগেই থাকবে। সেক্রেটারীর বিশেষ ক্ষমতা আছে এবং আসলে তিনি গভর্নমেন্টএর কাছে রেসপান্সবল থাকবেন, অণ্ডল পণ্ডায়েতের কাছে রেসপান্সবল থাকবে না। তিনি প্রত্যেক কাজে কর্তৃত্ব করবার চেন্টা করবেন, প্রত্যেক কাজেই এই রকম ঘটনা ঘটবে। অন্য দিকে অণ্ডল পণ্ডায়েতগ্রেলা নিজেদের এলেকার কাজকর্মে উৎসাহ পাবে না, যদি তারা দেখে যে প্রতিটি কাজে সেক্রেটারীর উপর নির্ভার করতে হয়। এবং আমি মনে করি, এইভাবে চঙ্লো অণ্ডল পণ্ডায়েতের কাজ স্কৃত্তাবে হতে পারে না। যে এফিসিয়েনিন্সর জনা সেক্রেটারী নিযুক্ত করা হছে, সেটাই ব্যাহত হবে। এতে হবে কি, কোন আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তি অণ্ডল পণ্ডায়েতে আসতে চাইবেন না।

[At this stage the red light was lit.]

তাই আমার কথা হল যে, সেক্রেটারী নির্বাচনের ভার অণ্ডল পণ্ডায়েতের উপর দিন, তা না হলে ভালভাবে কাজ হতে পারে না। আরো অনেক কথা আছে। সেক্রেটারীকে মেনটেন করা অণ্ডল পণ্ডায়েতের উপর বোঝাম্বর্প হবে। বারবার আমরা বলেছি যে, উপর থেকে সেক্রেটারীকে চাপিয়ে দেবেন এবং তার মাইনেও ঠিক করে দেবেন, অথচ এই টাকা অণ্ডল পণ্ডায়েতের ফাল্ড থেকে যাবে এবং তা সত্ত্বেও তার উপর কোন কন্ট্রোল থাকবে না, তাঁকে নির্দেশ্যত পরিচালিত করতে পারবে না, এই যে পন্ধতি নিতে যাচ্ছেন, তা অণ্ডল পণ্ডায়েতের পক্ষে অনিষ্ঠকর হবে। স্ত্রোং আমার বস্তব্য হচ্ছে, অণ্ডল পণ্ডায়েতর সেক্রেটারী অণ্ডল পণ্ডায়েত শ্বারা নির্বাচিত হবেন, এই য়ামেন্ড্রেন্টেটা মেনে নেওয়া উচিত।

8j. Cangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয় অঞ্চল পঞ্চায়েত যেভাবে নির্বাচিত হচ্ছে, তাতে আমরা আপত্তি করেছি তার কারণ হল এই যে গণতদের আদর্শকে সেখানে মেনে চলা হয় নি ঠিক অনুরূপ-ভাবেই অঞ্চল পণ্ডায়েতের সেক্তেটারী নিয়োগের পর্ণ্ধতি সম্পর্কেও আমাদের যথেষ্ট আপত্তি আছে। সেক্রেটারীকে যে সমুহত দায়িও দেওয়া হচ্ছে, সেগুলো যদি লক্ষ্য করে থাকেন এবং সেক্রেটারীর সংশ্যে অঞ্চল পঞ্চায়েতের সদস্যদের যে সম্পর্ক সেটা যদি বিচার করে দেখেন, তাহলে দেখবেন যে, প্রতি মহেতেই অঞ্চল পণায়েতের সংখ্যা সেকেটারীর সম্পর্ক তিক্ত হবে এবং সেই সংশা সংশা অঞ্চল পঞ্চায়েতের সংগা গভন মেন্টের সম্পর্কও তিক্ততর হবে। আমরা যে উদ্দেশ্যে গ্রাম পণ্ডায়েত বা অণ্ডল পণ্ডায়েত চাচ্চি সেই উদ্দেশ্যই, তাহলে বার্থ হবে মনে করি। আমি ব্রুতে পারি না যে, অঞ্চল পঞ্যায়েতের উপর এত বেশী দায়িত্ব দেওয়া হচ্ছে. সে দায়িত্ব যাতে সংষ্ঠাভাবে পালিত হতে পারে তার জন্য শিক্ষিত ও উপযান্ত লোক নিয়োগ করার ক্ষমতা অপ্তল পণায়েতের কেন থাকবে না : কেন মন্ত্রীমহাশয় এ ব্যাপারে সন্দেহ পোষণ করেন বৃত্তির না। সেক্রেটারী নিয়োগের ব্যাপারে যদি আপনারা কোন আইনগত বিধান রাথতে চান, তাহলে আমি বলব যে, সেক্টোরীর নিয়োগ ও ডিসমিসাল ইত্যাদি সমস্ত ব্যাপারে অঞ্চল পণ্ডায়েতের উপর দায়িত্ব দেওয়া উচিত এবং যে এলেকার মধ্যে অণ্ডল পণ্ডায়েত সীমাবন্দ থাকবে, সেই এলেকার থেকে কাজকর্ম চালাবার জন্য সং ও উপযুক্ত লোক তারা নির্বাচিত করতে পারবে, এই বিধান হওয়া উচিত। আমার সংশোধনী প্রস্তাব আছে তাতে

State Government or any officer or authority empowered by the State Government in this behalf and State Government of TA Anchal Panchayab preterably from among the voters of the area under its jurisdiction and at a meeting specially convened for the purpose in which more than one-half of the members are present.

এ কথাটা দিতে চাই। আমি মন্দ্রীমহাশয়কে এই জিনিসটা ভালোভাবে বিবেচনা করতে বলব এবং দড়ভাবে বলব যে, এটা না গ্রহণ করলে অন্তল পশ্চায়েতের কাজকর্মে ব্যাঘাত স্থিত হবে। বাহিরের লোক আনলে হরতো বনিবনা হবে না। গভর্নমেন্ট যেমন পদচ্চতি ও নিয়োগের দায়িত্ব নিচ্ছেন, সেইরকম যদি সেক্টোরীর সমস্ত বায়ভার বহন করতেন, তাহলে না হর ব্রুতাম এই ধরণের ইমপোজিসনএর একটা অর্থ আছে। কিন্তু অঞ্চল পঞ্চারেতের ফাণ্ড থেকে বে খরচ বহন করতে হবে এবং তাঁর উপর যে গ্রে দায়িত্ব দেওরা হচ্ছে, সেই দায়িত্ব বাদ পালন না করেন, তাহলে তাঁকে পদচাত করবার অধিকারও অঞ্চল পঞ্চায়েতের থাকবে না। আর কোথাও এরকম অগণতান্দ্রিক পর্যাতির বাবন্ধা আছে বলে মনে করি না। ৪৮(৩)তে আছে,

"the State Government shall make rules prescribing the method of recruitment, conditions of service, pay and allowances and the age of superannuation of the Secretary."

এখানে আমি এই মর্মে সংশোধনী প্রস্তাব দির্মোছ যে, য়াপয়েন্টমেন্ট, পে ইত্যাদি সমস্ত ব্যাপারে অঞ্চল পঞ্চায়েত বাবস্থা করতে পারবে। সরকার যদি মনে করেন, তবে গভর্নমেন্টএর য়াপ্রভাল নেওয়া যেতে পারে। যদি সতিটে পল্লীগ্রামে প্রকৃত গণতান্দ্রিক প্রতিষ্ঠান করতে চান, তাহলে পঞ্চায়েতের কাজে এর বেশী হস্তক্ষেপ করা উচিত হবে না।

[4-10-4-20 p.m.]

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আগে ইউনিয়ন বোর্ডে যে রকম ব্যবস্থা ছিল, এও ঠিক সেই রকম: অঞ্চল পঞ্চায়েতের আসল ক্ষমতা কিছাই নেই। এখানে অঞ্চল পঞ্চায়েতের প্রচর ক্ষমতার কথা বলা হয়েছে, যে সে নিজের বাজেট তৈরী করবে, ট্যাক্স আদায় করবে, এবং শুখ[ু] তাই নয়, ন্যায় পঞ্চায়েতকে দেখাশুনার ভার তারা করবে এবং সরকারের তরফ থেকে যত প্রকার কাজের ভার দেওয়া হবে, তাও তাবা করবে। কিন্তু এণ্ডল পণ্ডায়েতের যিনি সেক্টোরী হবেন তাঁকে নিয়োগ করবার ভার অঞ্চল পঞ্চায়েতের উপর দেন নি। সরকার বড় বড় কথা বললেন, কিন্তু এইটাক ক্ষমতা অণ্ডল পণ্ডায়েতকে দেওয়া হয় নি। যে সেক্রেটারী অণ্ডল পণ্ডায়েতের কাজ করবে, সেই সেক্রেটারীকে নিয়োগ কববার ভার এওল পণ্ডায়েতের হাতে নেই, তাঁকে নিয়ত্ত করবেন স্টেট গভর্নমেন্ট, এ কোন দেশী গণতন্ত, তা জানি না। একজিকিউটিভ অফিসার, যাঁরা এই সেকেটারীকে নিয়োগ করবেন তাঁদের নিদেশিমত তাঁকে চলতে হবে। সেইজন্য আমি আমার যামেন্ডমেন্টএ বলেছি যিনি সেকেটারী নিযুক্ত হবেন, সেই সেকেটারীকে অঞ্চল পণ্ডায়েত নিজেই নিয়ক্ত করবেন। আমি আশা করি, মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন। সেক্তোরীর মাইনে কে দেবে? না, এওল পণ্ডায়েত দেবে। আমাদের ইউনিয়ন বোর্ডের দফাদার, চৌকিদারদের মাইনে সরকারের এরফ থেকে দেবার জনা বহাদিন থেকে আন্দোলন হয়ে আসছে। আজকে যাঁরা গদীতে বসে আছেন, তাঁরাই একদিন এই নিয়ে আন্দোলন করেছেন, অথচ আজ তারা সে কথা ভাবছেন না। এতারত দঃথের কথা, ইংরাজ গভর্নমেন্ট যে পন্থা অবলম্বন করেছিল, আজ আপনারা সেই পশ্থা অবলম্বন করে চলেছেন। চৌকিদার, দফাদারদের মাইনে গভর্নমেন্টের দেওয়া উচিত। সেকেটার্রার মাইনে গ*ভর্ন*মেন্ট দেবেন না, অ**থচ নিয**়ক্ত করবেন তাঁকে গভনমেনট অঞ্চল পণ্যয়েত তাঁকে নিয়ক্ত করতে পারবেন না: এটা অতাস্ত লম্জার ব্যাপার। আমি আশা করি আমাব যে য়ামেন্ডমেন্ট, সেটা মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন। তা নাহলে ব্রুবো যে, আপনারা কোন ক্ষমতা হুস্তচাত করতে চাচ্ছেন না, সমুস্ত ক্ষমতা কেন্দ্রী-ভত করে চলেছেন, এবং গণতদাকে ধ্যাস করতে চাচ্ছেন। আপনারা আন্তকে শধ্যে, এখানে দাঁড়িয়ে বড় বড় গণতন্ত্রে বুলি আওড়ে লোককে ভুল বোঝাবার চেণ্টা করছেন।

Si. Jvotish Joardar:

মাননীয় সভাপাল মহাশয়, এই ৪৮ নং ধারায় বিভিন্ন সংশোধনীর মধ্যে আপনি লক্ষ্য করেছেন যে, সেক্রেটারী, এই যে একটা এলিমেন্ট অণ্ডল পণ্ডায়েতের মধ্যে অনুপ্রবিষ্ট করান হচ্ছে, তার অর্থা কি? তাঁকে কতথানি নিরঙকুশ ক্ষমতা দেওয়া হয়েছে এবং অণ্ডল পণ্ডায়েতকে অবজ্ঞা করবার জন্য এই রকম একটা অবস্থা স্থিট করা হয়েছে, এই সেক্রেটারীর সাহাযো সেটা আপনি লক্ষ্য করেছেন। তাঁর নিয়োগ, বেতন প্রভৃতি সমস্ত কিছ্ ব্যাপার প্রেসক্রাইবড অর্থারটি করবেন। একজন কর্মকারের সংগ্য বিদ মাননীয় মন্দ্রীমহাশরকে তুলনা করতে পারি, তাহলে বলতে পারি, তিনি কর্মকার হাতে নিয়েছেন প্রেসক্রাইবড অর্থারটির মত একটা হাতুড়ি,

বা দিয়ে এই পণ্ডায়েতের দফারফা করবেন এবং সেখানে য়্যানভিল হয়ে কাজ করবেন এই সেক্টেরী, বিনি অণ্ডল পণ্ডায়েতে থাকবেন, এবং তাতে অণ্ডল পণ্ডায়েতের বিনাশ ছাড়া আর কিছু হবে না। যদিও এই অনুচ্ছেদে বলা হয়েছে যে, অণ্ডল পণ্ডায়েতকে ক্ষমতা দেওয়া হবে; কিন্তু সত্যিকারের তিল মাত্র ক্ষমতা অণ্ডল পণ্ডায়েতের থাকছে না, যা কিছু ক্ষমতা সমস্ত সেক্টোরীকে দেওয়া হছে। এ সম্পর্কে ভিন্ন ছিল্ল যে সমস্ত সংশোধনী এসেছে, সভাগ্রের এদিক থেকে তার আর আমি পুনরাব্তি করতে যাবো না। আমি শুধু তার সংগ্ণে এইটুকু যুক্ত করে দিতে চাই, সেটা হছে ২(এ) উপধারার মধ্যে যে প্রোভাইসো আছে, সেখানে আর একটা প্রোভাইসো যুক্ত করে দিছি। এখানে যা রয়েছে তার সংগ্ণ আমি বলছি অণ্ডল পণ্ডায়েতকে এইটুকু মাত্র ক্ষমতা দেওয়া হোক। তারা যদি মনে করে সেক্টোরীর ব্যবহার ও কাজকর্ম এমন একটা বিশেষ পর্যায় এসেছে যে, তা অসহ্য, তাহলে তাকে অপসারণ করবার ক্ষমতা তার হাতে থাকুক। আমার প্রোভাইসোতে বলেছি

"provided further that the services of the Secretary may at any time be terminated by a resolution of the Anchal Panchayat carried by the votes of not less than two-thirds of the total number of members holding office for the time being at a meeting especially convened for the purpose".

এই হচ্ছে আমার সংশোধনীর উদ্দেশ্য। তুলনা করে আমি বলতে পারি ১৯নং যে ধারা আছে প্রপারেত বিলে, সেখানে অধ্যক্ষ, উপাধ্যক্ষকে প্রয়োজন হলে অপসারণ করা চলবে। অধ্যক্ষ, উপাধ্যক্ষ ভারা ইলেকটেড লোক এবং ভারা গ্রাম পঞ্চায়েতের প্রধান, তাদের অপসারণ করা যাবে প্রয়োজন হলে, এই রকম একটা বাবস্থা, রয়েছে। এথানেও যদি সেই রকম একটা বাবস্থা, অর্থাং প্রয়োজন হলে সেক্রেটারীকৈ সরান যাবে, বা নতুন সেক্রেটারী নিয়ন্ত করতে পারবে, এই ক্ষমতা অঞ্চল পঞ্চায়েতের হাতে থাকে, তাহলে এমন কোন ক্ষতি হবার কারণ নেই। এবং তাহলে বোঝা যাবে ঐ সেক্রেটারী নিয়োগের ব্যাপারে সরকারের ভাল উদ্দেশ্য আছে। সেক্রেটারী যদি কথনও দ্বাচারী হয়ে ওঠেন, তাহলে ভাঁকে অপসারণ করবার ক্ষমতা এই অঞ্চল পঞ্চায়েতের হাতে দেওয়া হোক, এই হচ্ছে আমার নিবেদন।

8]. Raipada Das: Mr. Speaker, Sir, through the Secretary, who shall be the executive officer of the Anchal Panchayat and shall be appointed by the Government, the Anchal Panchayat will be absolutely under the thumb of the Government. It will be nothing better than one of the various Secretariats of the Government. The Secretary will prepare the budget estimate of income and expenditure, the statement of accounts of the previous year and the report on the work done during the previous year and the work proposed to be done during the following year. Now, if everything is to be done by the Secretary, what will be left for the Anchal Panchayat to do? It is a sinister attempt at indirectly killing the democratic urge of the people and hoodwinking them by a glorified name which has absolutely no substance behind it. The Government is determined to spread out its tentacles to every sphere of popular activities and prevent a free people from acting freely and developing healthily. This distrust of the people and this persistent effort to keep them in a state of permanent minority will of help establish a socialistic pattern of society which is the much-vaunted and much-advertised policy of the Government. The big men who run the present administration have beguiled themselves into the belief that they are the only infallable lot, and the rest of the people are so many minors to be looked after for all time to come. It is high time they got rid of this obsession and took people into confidence. For, where popular confidence is lacking, democracy becomes a farce.

[4-20-4-30 p.m.]

Sj. Madan Mohon Saha:

সারে, অঞ্চল পশ্চারেত কোন সিম্পান্ত গ্রহণ করে যদি সেক্রেটারীর হাতে কোন ক্ষমতা দের ভাহলে তা সিম্প হবে না, এ কোন ধরণের গণতন্দ্র, তা আমরা বুঝতে পারি না। এখানে আমার বন্ধবা হচ্ছে অতি পরিক্ষার যে পঞ্চায়েতের প্রদন্ত ক্ষমতা আবার প্রেসঞ্ছাইবড অর্থায়ির অনুমোদন সাপেক্ষ রাখা ঠিক হবে না। সেইজন্য আমার সংশোধনী প্রস্তাব গ্রহণ করার জন্য আমি আপনার মাধামে মন্দ্রীমহাশয়কে জানাচ্ছি। যে সন্পাদককে বিশ্বাস করে নিযুক্ত করছেন এতে তার উপর আবার অবিশ্বাস করা হচ্ছে, একবার যাকে বিশ্বাস করেছেন বিনা কারণে তাকেই আবার বিশ্বাস না করা—এটা কি করে হয় ? আপনারা প্রেসঞ্জাইবড অর্থায়িটর উপর বিদি এই কাজ দেন তাহলে আর গণতন্তের কথা বার বার বলবেন না। যতক্ষণ পর্যাদত আপনারা এইরকমের সব ধারা এই বিল থেকে তলে না দিচ্ছেন ততক্ষণ আমরা প্রতিবাদ করেই যাব।

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৪৮নং ধারায় সেক্রেটারি যেভাবে এবং যের পে নিযুক্ত হচ্ছেন তাতে দেখতে পাচ্ছি অণ্ডল পণায়েতের হাতে কোন ক্ষমতাই থাকছে না। কেবল সেকেটারিকে কাজ করতে হলে যে টাকাটার দরকার সেই টাকাটা অণ্ডল পণ্ডায়েত আদায় করে দেবে, তা ছাড়া আরু কোন কাজই থাকরে না অঞ্চল পঞ্চায়েতের করবার। ট্যাব্রের বিষয় বাজেটের বিষয় গত বছরে কি খরচ হয়েছে সেগ্রলি সেই সেক্টোরিই ঠিক করে দেবে। তাহলে অঞ্চল পঞ্জারেত করবে কি ? তা ছাড়া আর কতকগুলি বাবস্থা আছে অণ্ডল পণ্ডায়েত নিজের ক্ষমতা যেটকে আছে তাও ঐ সেকেটারি পেতে পারবেন সে বাবস্থাও এর মধ্যে করা হচ্চে। আমরা দেখাঁছ যে এই भवकाद अभ्रम পशासिट्य भूमण्ड काङ (भूक्षि) वित्त पिरा कहादान, अभ्रम भूभासिङ वर्ष **a को** কিছা থাকরে টাকা যাগিয়ে দেবার জনা তা ছাড়া আর কিছার জনা নয়। তা ছাড়া দেখছি এই ধারায় লেখা আছে যে সেকেটারি রেসপন্সিবল থাকবে প্রধানের মাধামে অঞ্চল পঞ্চায়েতের কাছে: কিন্ত অঞ্চল পশ্যায়েতের কোন ক্ষমতা থাকবে না-এই সেক্টোরি যদি তার দায়িত্ব তার রেসপৃন্সিবিলিটি পালন না করেন তাহলে তাকে অপসারণ করার বা তাকে সাসপেন্ড করার। তাহলে কি ক্ষমতা আছে অঞ্চল পণ্ডায়েতের এই সেক্টোরির উপব^{্ন} এই যথন অবস্থা তথন সেকেটারি কি প্রধানের নির্দেশমত তথা অঞ্চল পঞ্চায়েতের নির্দেশমত কাজ করবেন? আমরা ত কিছুই বুঝতে পার্রাছ না। মন্ত্রীমহাশয় পরিক্লার করে আমাদের বলনে –যদি সেক্টোরি প্রধানের তথা অঞ্চল পঞ্চায়েতের নির্দেশ্যমত কাজ না করেন, অঞ্চল পঞ্চায়েত কি বাবস্থা অবলম্বন কবতে পারবেন তাঁর কৈফিয়ং তলব করবাব বা তাঁকে শাস্তি দেবার? আমরা এই বিলে যা দেখছি তাতে তাদেব সেসমুহত কোন ক্ষমতা থাকবে না। তাহলে হবে কি? একটা ফার্স ছাড়া আর किছ, हे ट्राइक ना। या किছ, काल प्रश्रिष्ट-वादले टेटरीत काल, हिट्सर निर्करणत काल है आपि भव करावन भारकोर्ति जारान अपन भारताज्य शास्त्र कि काम प्राची शास्त्र शास्त्र विकास विकास स्वाप्त शास्त्र शास्त्र সেকেটারি, তিনিই সর্বেস্বা হতা, কতা, বিধাতা! এ একটা ফার্স ছাড়া আরু কি? তাই আমরা বর্লাছ-- এই ধারাটা ব্যতিল করে দিয়ে অঞ্চল পঞ্চায়েতকে, সেক্টেটারির উপর কর্ডান্থ দেওয়া হোক, এবং বাফেট করার এবং আর যা কিছু, খরচের ব্যাপার আছে সব কি**ছু, অঞ্চল পঞ্চায়েতের উপর** দেওয়া হোক নৈলে এই অঞ্চল পঞ্চায়েত আইন পাশ করে কিছা লাভই হবে না বলে আমরা মনে করি।

Sj. Bankim Mukherji:

এই ৪৮(১) ধারায় প্রথমেই দেখা যাচ্ছে অঞ্চল পঞ্চায়েতের অফিসের যিনি সেক্তেটারি হবেন তিনি

shall be responsible for the preparation of its budget, etc.

এতে একট্ উল্লেখ পর্যাপত নাই যে তিনি হবেন অণ্ডল পণ্ডায়েতের অধীন। বহু রাামেন্ডমেন্ট সে হিসেবে দেওরা হয়েছে, সেগ্রিল অন্ততঃ মন্দ্রীমহাশর অনুগ্রহ করে বিবেচনা করবেন। এর ম্বারা অন্যায়টা কি হচ্ছে, না অণ্ডল পণ্ডায়েতের কোন অধিকারই থাকছে না অফিসের উপর বিদ সেক্টেটারি দরা করে তাদের কোন অধিকার না দেন, কারণ স্ট্যাট্ট এই রয়েছে

Sccretary shall be in charge of the office.

ধরে নিলাম অঞ্চল পঞ্চারেতের সপো সেক্টোরি মহাশর সদভাবেই থাকবে, তা বদি **থাকে ভাল।** কিন্তু অসম্ভাবও কোন কোন স্থানে হবার সম্ভাবনা আছে, এবং বিরোধী পক্ষ **থেকে অনেকেই** মনে করেন বে উপর থেকে নিয়োগ করলে অসম্ভাব থাকাই সম্ভব। আর একটা আইন বখন করা হয় তা সর্বপ্রয়োজনীয় ক্ষেত্রেই লাগতে পারবে—এইরকম আইনই করা উচিত। ধর্ন, সেক্রেটারি যদি লিটার্য়ালি অর্থ করে নেন যে

he shall be in charge of the office

ধর্ন যাদ তিনি বলে দেন অফিসে কেউ ঢ্কতে পারবে না, ধর্ন যাদ পণ্ডায়েতের মেশ্বারদের বলে দেন তিনি, যোদন মিটিং হবে সেদিন ছাড়া আর কোর্নাদন কেউ অফিসে ঢ্কতে পারবে না, তাতে আমার কাজের গোলমাল হবে, সে কথা বলতে পারেন তিনি হচ্ছেন অফিসএর ইনচার্জ। তিনি যদি বলেন প্রধান, উপ-প্রধান বা পণ্ডায়েতের মেশ্বারদের, মহাশার হাত দেবেন না আমার টোবলে, কারণ আমি হচ্ছি ইনচার্জ অব দিস অফিস, আমাকেই জবার্বাদিহি করতে হবে প্রেসকাইবড অথরিটির কাছে যদি কোন কাগজপত্র হারিয়ে যায় তারজনা; স্ত্রাং সামানা যে ডিসেন্সি তা পর্যক্ত এর মধ্যে নেই, সেক্লেটারি যে পণ্ডায়েতের অধীনে, কিন্তু তিনি যথন ইনচার্জ অব দি অফিস তখন তিনি না বল্লে পর কারো অফিসে গিয়ে কিছ্ করবার অধিকার নেই, অন্যের ত নেইই এমনকি প্রধান বা উপপ্রধানেরও সে অধিকার থাকছে না, কি মারাত্মক র্পে হচ্ছে এই জিনিষটে

Secretary appointed he shall be in charge of the office.

[4-30-4-40 p.m.]

তাহলে পঞ্চায়েত কোথায় গেল? অঞ্চল পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান কোথায় গেলেন? কারণ দে আর নট ইনচার্জ এবং একজন য়াপেরেন্টেড সেক্টোরিকেই আইনে লেখা হচ্ছে ইনচার্জ। তবে একথা সত্য যে তার টাম্ক হচ্ছে অফিস দেখা, কিন্তু হু ইজ ইনচার্জ অফ অফিস। কারণ আইনত, অফিসের খাতা, রেকর্ড ফান্ড ইত্যাদি সমস্ত জিনিসের মালিক কে—সেক্টোরি অব পঞ্চায়েত। প্রত্যেক জিনিসের আইনত, মালিক হওয়া উচিত পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান প্রভৃতি এবং সেক্টোরি হবেন একজন নিয়ন্ত ভূত্য। কিন্তু আজকে এখানে ৪১এর ১এ এমনভাবে লেখা হচ্ছে যে তার অর্থ এই হচ্ছে যে পঞ্চায়েত নেই, তার প্রধান, উপপ্রধান নেই এবং তার সেক্টোরি ইনচার্জ অফ অফিস হচ্ছে। অর্থাৎ তিনি যে তার সেক্টোরি হিসাবে সমস্ত কাজ করবেন তার কোন উল্লেখ নেই। এ ছাড়া—

he is responsible for the preparation of the budget estimate-

তাহলে পঞ্চায়েত কি ঘাস কাটবে। অর্থাৎ যদি

Secretary is responsible for the budget estimate of the income and expenditure, the statement of accounts of the previous year

হন তাহলে পণ্ডায়েত করার কি অর্থ হয়? কিন্তু এই রেসপন্সিবল কথার মানে কি রেসপন্সিবল ট্ হ্ম। অর্থাৎ সেক্টোরি পণ্ডায়েতের কাছে দায়িত্ব কথাটার যদি কোন উল্লেখ এর ভেতরে না থাকে এবং এমনি যদি বলা হয় যে

Secretary shall be responsible

তাহলে তার মানে কি হয়? এর মানে হচ্ছে আইন বলছে, পণ্ডায়েত বেসপশ্সিবল নয়, পণ্ডায়েত বাক্ষেট তৈরী করবার জনো দায়ী নয় এবং সেজনোই সেক্রেটারি করা হচ্ছে। এ ছাড়া এরচেয়ে মারাত্মক যেটা সেটা আমি দেখাছি। আমরা এখানে ব্রুতে পারছি যে

Statement of accounts of the previous year, report on the work done during the previous year and the work proposed to be done during the following year

এবং

the Secretary shall be responsible for the work proposed to be done during the following year

অর্থাৎ আগামী বছরে কি কি কাজ হবে তার রিপোর্ট করবার জন্য সেক্রেটারি হচ্ছেন দার্রা। কিন্তু আমার কথা হচ্ছে বে আগামী বংসরে কি কাজ হবে সেটা তিনি কি করে জানবেন এবং এই প্রশোজত ট্ব বি ডানটা কে প্রশোজ করবে। অতএব প্রশোজ বেটা করতে হবে সেই প্রশোজটা ত অঞ্চল পঞ্চায়েত করবে এবং যা আমরা শ্লে আর্মছি তা থেকে আমাদের এই ধারণা হরেছে যে অঞ্চল পঞ্চায়েত প্রশোজ করবে যে আগামী বংসরে কি প্রগ্রাম হবে। কিন্তু এখানে বলে দেওরা হচ্ছে কিনা

Secretary shall be responsible for the work proposed to be done

সেজনা ধর্ন যে কোন মিটিং হল না অথচ সেক্টোরি প্রপোজ করে দিলেন আসছে বছরে এই এই ওয়ার্ক ট্রবি ডান, কিন্তু তখন পঞ্চায়েতের সংগ্য হয়ত কর্নাফ্লক্ট হতে পারে এবং পঞ্চায়েত বলতে পারে যে না এই এই কাজ হবে। অতএব যখনই এই অবস্থা হবে তখনই সেক্টোরি বলতে পারেন, আইনত আমি অথরিটি যে বলতে পারে

the work proposed to be done during the following year

 - (খ) পাইয়া থাকিলে, ঐ সম্পর্কে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

The Hon'ble Sankar Prasad Mitra: (ক) হ'য়া।

- (খ) ফিশারী (মীনক্ষেত্র) ও ধানের জমির মধ্যস্থিত বাঁধের মধ্য দিয়া ফিশারীর লোনা জল বাহাতে ধানের জমির মধ্যে প্রবেশ করিয়া ধানের ক্ষতি করিতে না পারে তঙ্জনা ফিশারীর মালিকদের বাঁধ সংস্কারের জন্য সরকার নির্দেশ্ধ দিয়াছেন। নির্দেশ অনুযায়ী ফিশারীর মালিকগণ ইতিমধ্যেই বাঁধের কিছু কিছু সংস্কার সাধন করিয়াছেন।
 - 8]. Lalit Kumar Sinha: Supplementary question, Sir,

যখন তদস্ত হয়, সেই সময় ফিশারীর মালিকরা একট্ব একট্ব মাটি দেয়, কিন্তু তদন্তের পর আর মাটি দেয় নি, তার ফলে জমি নন্ট করেছে?

Mr. Speaker: That is a hypothetical question.

81. Lalit Kumar Sinha:

बिंग शहेर शार्थिक । ज कार्य १ कार्य

Mr. Speaker:

আপনি অনেক কিছু য়াসাম্পসন করছেন, আপনার প্রশ্ন নিভরি করছে অনেক কিছুর উপর।

8j. Hemanta Kumar Chosal:

উনি এখানে বলেছেন, ফিশারী ও ধানের জমির মধ্যাস্থিত বাঁধের মধ্যে দিরে ফিশারীর লোনাজ্ঞল বাহাতে ধানের জমির মধ্যে প্রবেশ করিয়া ধানের ক্ষতি করিতে না পারে, তচ্জ্জনা ফিশারীর মালিকদের বাঁধ সংস্কারের জন্য সরকার নির্দেশ দিয়াছেন, এবং সেই নির্দেশ অনুবারী ফিশারীর মালিকগণ বাঁধের কিছু কিছু সংস্কার সাধন করিয়াছেন, অর্থাৎ এখনও / প্রা সংস্কার সাধন করেন নি, এটা প্রশেনর জবাবের মধ্যে স্বীকৃত হরেছে; ভাছলে মালিকরা
ঐ ফিশারী পরিচালনকারী স্বার্থে ঐসব জারগায় বাঁধ দেয় নি এবং ধান জমির মধ্যে লোনা
জল প্রবেশ করেছে, এটা এখানে স্বীকৃত হয়েছে। এই যে লোনা জল প্রবেশ করলো এবং
ধানের ক্ষতি হল, তার জনা মালিকদের বির্দেধ সরকার কোন শাস্তিম্লক ব্যবস্থা অবলম্বন
করেছেন কি না?

The Hon'ble Sankar Prosad Mitra: They will be prosecuted under section 432 of the Indian Penal Code.

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় মন্দ্রীমহাশয় বলবেন কি, এই প্রশ্নটা কোন তারিখে হরেছিল, এবং নির্দেশ দেওরা হরেছিল কোন তারিখে, এবং কিছু কিছু সংস্কার করা হরেছিল কোন তারিখে?

The Hon'ble Sankar Prosad Mitra: Directions were given that they should complete repairs before the monsoon.

Dr. Hirendra Kumar Chatterjee:

কোরেশ্চেনটা কোন ইয়ারএর, এবং নির্দেশি দেওয়া হয়েছে, কোন ইয়ারএ এবং কিছু কিছু সংস্কার করা হয়েছে কোন ইয়ারএ?

The Hon'ble Sankar Prasad Mitra:

- ঐ কোয়েশ্চেনএর তারিখ আমার কাছে নেই।
- Sj. Canesh Chosh. There will be prosecution under such and such section. Has a single case of prosecution been started against any of the fishery "maliks"?

The Hon'ble Sankar Prasad Mitra: Well, this is done by the local officers. I have not got any information with regard to that.

Dr. Hirondra Kumar Chatterjee: Sir, you will remember, I will show you from the proceedings—that in answer to a question the Chief Minister once stated that his Cabinet was one of joint responsibility because a question was put to one of the Ministers. Sir, on a point of privilege, I say that whenever there is any question which is uncomfortable to a Minister, the Chief Minister comes to his rescue and he says that he has joint responsibility.

Mr. Speaker: The Chief Minister can always do that by virtue of his inherent right. The Chief Minister has always that right.

The Hon'ble Sankar Prasad Mitra: I have tried to give you all the answers.

Sj. Hemanta Kumar Chosal:

মাননীয় মন্দ্রীমহাশয় এখন বললেন যে, তিনি এমন কোন খবর পান নি যে, ফিশারীর মালিকরা ধান জমির ক্ষতি করেছে। কিন্তু এটা সমস্ত সন্দারবন অঞ্লের একটা জেনারেল কোয়েন্চেন, সেই জনা এটাকে এত ইম্পরটাস্স দিচ্ছি।

Mr. Speaker:

প্রশ্নটা তো সেইভাবে দেন নি।

Si. Hemanta Kumar Chosal:

উনি ত এখনও জানেন না, যে মালিকের বিরুদ্ধে কোন আইনত ব্যবস্থা অবল্যন্ন করা হয়েছে কি না? এইরকম একটা সিরিয়াস কোরেণ্চেন; সেইজন্য আমি মুল্টীমহাশ্রকে অনুরোধ করছি, এটার প্রতি একট, বিশেষ দৃষ্টি দিয়ে ব্যবস্থা অবল্যন্ন করবার জনা। Mr. Speaker: That is a request for action.

The Hon'ble Sankar Prasad Mitra:

हैरब्रम: निम्ठब्रहे कद्रवा।

Proposal for a cold storage for potato seeds near Carbetta railway station

- •106. Sj. Saroj Roy: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—
 - (ক) ইহা কি সত্য যে, মেদিনীপ্র জেলার গড়বেতা থানায় প্রতি বছর বহু পরিমাণ গোল আলু উৎপল্ল হয় এবং ঐ আলু পশ্চিম বাংলার বিভিন্ন স্থানে চালান যায়; এবং
 - (খ) যদি (ক) প্রশেনর উত্তর হ'

 রেল স্টেশনের সন্নিকটের ব্যবসাকেন্দ্রে আল্
 রেল স্টেশনের সন্নিকটের ব্যবসাকেন্দ্রে আল্
 রেল স্টেশনের সন্নিকটের ব্যবসাকেন্দ্রে আল্
 রেল কেনার প্রবেচনা করেন কিনা?

The Minister for Agriculture and Animal Husbandry (the Hon'ble Dr. Raffuddin Ahmed):

- (क) হগা।
- (খ) সরকারী cold storage স্থাপনের কোন পরিকল্পনা নাই। স্থানীয় আল্চাষীগণ সমবায় সমিতি গঠন করিয়া যথোপযুত্ত পরিমাণে মূলধন সংগ্রহ করিতে পারিলে সরকার হইতে cold storage স্থাপনের জন্য ঋণ দেওয়ার কথা বিবেচনা করা যাইতে পারে।

Sj. Saroj Roy:

মাননীয় মশ্বীমহাশয় জানাবেন কি, এইরকম একটা কোল্ড ভ্টোরেজ করতে গেলে কত মালধন সংগ্রহ করলে, কত ঋণ সরকার দেবেন?

The Hon'ble Dr. Rafluddin Ahmed: In answer to that I wish to inform the honourable member that we have got a similar cold storage in Burdwan known as the Burdwan Central Co-operative Agricultural Production and Marketing Society, Ltd. They gave a scheme costing Rs. 7,15,000 to the Government for the installation of a cold storage in the Saktigarh Community Development area in the district of Burdwan, for the storage of agricultural produce, mainly potatoes, and this scheme was sanctioned by Government. The Society raised a share capital of Rs. 65,000 and the Government sanctioned a loan of Rs. 6,50,000 against the security of the assets including buildings and plants to be set up on the execution of a mortgage bond. If the Government is approached with a similar scheme by any other co-operative society of the locality concerned, they may consider the question of the sanction of a loan on similar terms.

8j. Saroj Roy:

এখানে বর্তমানে যে হিসাব নিকাশ দিলেন, সেটা শোনার পরে আমার এই সাণ্পিমেন্টারি আসছে, গড়বেতা অঞ্চলে যে সমস্ত আল্টাবীরা আছে, সরকার জানেন প্রধানত তারা খ্ব গরীব ও ছোট ছোট চাবী; তাদের কাছ খেকে মূলধন সংগ্রহ করা সম্ভব না হলে, এবং ওখানে ঐ যে করেক সহস্র মণ আল্টান্ট হয়, এইসব অবন্ধা বিবেচনা করে, সরকার থেকে কোন পরিকল্পনা নেবেন কি না?

Mr. Speaker:

উনি ত বলেছেন।

3). Saroj Roy:

ना. ना। कान भविकल्भना नाष्ट्रे वरलाइन।

Mr. Speaker: That is purely hypothetical question. If you know facts, put straight question.

8j. Saroj Roy:

গড়বেতা অণ্ডলে গরীব চাষীদের অবস্থা বিবেচনা করে সরকার নিজেই কোন কোল্ড ভৌরেজ স্থাপন করবেন কি না?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এইরকম কোন পরিকল্পনা সরকারের বিধানে নেই। আপনি জ্ঞানেন অন্ততঃ সাড়ে সাত লক্ষাকা, একটা ছোট খাট কোল্ড ন্টোরেজ করতে লাগে। স্তরাং সেখানে কো-অপারেটিড সাসাইটি যদি কিছ্টো ম্লধন সংগ্রহ করতে পারেন, তাহলে বাকীটা দেবার জন্য সরকার ববেচনা করবেন।

8j. Subodh Banerjee:

মাননীয় মন্দ্রীমহাশয় অন্গ্রহ করে বলবেন কি, এই যে সাড়ে সাত লক্ষ টাকা খরচ করে কান্ড ন্টোরেজ হয়, তার কেপাসিটি কত? অর্থাং এর মধ্যে আল্টোল্য কত রাখা যায়?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা হচ্ছে একটা ১০ হাজার টনের গ্ল্যান্ট, যেটা শক্তিগতে হয়েছে।

Sj. Subodh Banerjee:

এটা মণ, না টন?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা টন।

Sj. Subodh Choudhury:

আপনি বলেছেন, শক্তিগড় কমইউনিটি ডেভালেপমেন্ট এরিয়াতে একটা কোল্ড শ্টোরেজ এপন করা হয়েছে। মন্ত্রীমহাশয় বলবেন কি, এটা ঠিক কোন জায়গায় করা হয়েছে?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

মেমারীর একটা জায়গায়।

Si. Subodh Choudhury:

কাজ কি সূর, হয়েছে?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

কাজ আরম্ভ হয়ে গিয়েছে।

8i. Subodh Choudhury:

কত দিনে শেষ হতে লাগবে?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

সময় ঠিক বলতে পারি না। অন্ততঃ বছর খানেক লাগবে।

8j. Subodh Choudhury:

আপনি বলেছেন, কো-অপারেটিভ থেকে পাঁসিরাল সাহায্য করলে, তবে আপনারা এই মুক্ত করতে পারেন। আমার এখানে প্রশ্ন হচ্ছে, শক্তিগড় কো-অপারেটিভ সোসাইটি কত া এব জন্য দিয়েছিল ?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

আমি ত আগেই বলেছি, তারা সাবসক্রাইব করেছে সিন্ধটি ফাইভ থাউজান্ড রুপিজ।

[3-30-3-40 p.m.]

Si. Saroj Roy:

শন্তিগড় সম্বন্ধে মন্দ্রীমহাশয় জানালেন যে, ওখানে ১০ হাজার টন আল রাধার কোন্ড দ্যোরেজ করা হয়েছে, তাহলে আমার জিজ্ঞাস্য যে শন্তিগড় অঞ্চলে কত আল হয়, জানাবেন কি?

Mr. Speaker: That is not a supplementary question,

Sj. Madan Mohon Khan:

মেদিনীপুর জেলায় কোল্ড ভ্টোরেজ হয়েছে, কিন্তু সেখানে ইলেকট্রিসিটি দিতে পারছেন বলে কাজ হচ্ছে না, একথা কি জানেন?

Mr. Speaker: That does not arise out of this.

8j. Madan Mohon Khan: Second Five-Year Plan

এ গড়বেতায় কোল্ড ল্টোরেজএর স্যাংসন হয়েছে কিনা?

The Hon'ble Dr. Raffuddin Ahmed: No.

8j. Biren Banerjee:

শক্তিগড়ে যে কোল্ড ন্টোরেজ হয়েছে বলেছেন, সেটা শক্তিগড়ে না মেমারীতে?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

শব্বিগড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টের মধ্যে মেমারীতে।

81. Biren Banerice:

্রেই যে ৬া। লক্ষ্ণ টাকা গভনমেন্ট ম্লধন খাতে ধার দিয়েছেন, সে কত দিনে শোধ কর ছবে এবং তার কক্ত সন্দ?

Mr. Speaker:

এ প্রশ্নটা গড়বেতা সম্বন্ধে। উনি শক্তিগড় সম্বন্ধে এত কথা কি করে জানাবেন?

8]. Biren Banerjee: Do you mean to say my supplementary is conpletely irrelevant because the Minister has given certain information?

Mr. Speaker: How can he answer to Garbetta?

Mr. Biron Banorjee: Is my supplementary disallowed?

Mr. Speaker: That question does not arise out of this. You are askin about the details of facts and figures about Saktigarh. How can he answethat?

The Hon'ble Gopika Bilas Sen Gupta: He will have to consult the fil and then answer.

8j. Biren Banerjee: Then say so-I have no figure with me.

9: Saroj Roy:

ম্লাধন সংগ্রহ করলৈ সরকার বিবেচনা করবেন, এ সম্বন্ধে সরকার কোন রক রাজিওরেন্দ্র দিক্ষেন কি না?

Mr. Speaker: What is your continued with a fataban agree at a content

Sj. Saroj Roy:

টাকাটা দেবেন কি না জানতে চাই : সে কথা বলেন নি।

Mr. Speaker: You have not heard it. Don't argue with me. Please put your fresh supplementary.

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

সে সম্বন্ধে র্য়াসিওরেণ্স দেওয়া যেতে পারে না। আপনারা সে রকম পরিকল্পনা আন্ন, তথন নিশ্চরই বিবেচনা করা যাবে।

Si. Kanai Lal Bhowmick:

এটার কি সাদ দেওয়া হয়?

The Hon'ble Dr. Raffuddin Ahmed: 6½ per cent interest.

81. Kanai Lal Bhowmick:

কত বছরে শোধ করতে হবে?

The Hon'ble Dr. Raffuddin Ahmed:

সে ফাইল এখানে নাই: তাহলে নোটিশ চাই।

Sj. Mrigendra Bhattacharjya:

যথেষ্ট পরিমাণে ম্লধন সংগ্রহ করতে পারলে বিবেচনা করবেন বলেছেন, তার স্দৃদ কত দিতে হবে?

Mr. Speaker: He had already said that. Why do you remain inattentive?

8j. Madan Mohon Saha:

আল, চাষীদের প্রারা সমবার সমিতি গঠন করে যথেণ্ট পরিমাণ মূলধন সংগ্রহ করলেও কোল্ড ন্টোরেজ প্রাপনের কথা সরকার অগ্রাহা করলে কি অকারণ হয়রানী হবে না?

Mr. Speaker: That is a big hypothetical question. That question need not be answered.

Grants to the non-Government medical schools and colleges

- *167. 8j. Ganesh Chosh: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) amount of Government aid and grant to each non-Government medical school and college in West Bengal, year by year, from 1950-51 to 1956-57:
 - (b) if it is a fact that due to inadequacy of Government aid and grant, R. G. Kar Medical College, Calcutta, is facing financial stringency;
 - (c) whether Government have received any communication from the authorities of the R. G. Kar Medical College regarding financial difficulties; and
 - (d) if so, whether Government consider the desirability of stepping up grants to the said college?

The Minister for Health (the Hon'ble Amulyadhan Mukharji); (a) A statement is laid on the Library Table.

- (b) No.
- (c) and (d) Yes.

8j. Ganesh Chosh: Is it in the knowledge of Government that due inadequacy of fund the R. G. Kar is facing financial strigency?

The Hon'ble Dr. Amulyachan Mukharji: This is not so. All instit tions are facing financial difficulties. Government are trying their utmo to help the deserving institutions with the limited resources at the command.

8j. Canesh Chosh: What is the annual grant to the College Deparment of Calcutta National Medical College for 1955-56 and 1956-57?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The information has alread been placed on the Library Table.

8j. Ganesh Chosh: Is it a fact that Rs. 3 lakhs 30 thousand has bee paid to the Calcutta National College?

The Hon'ble Dr. Amulyachan Mukharji: No, it is not so. Government used to pay the National Medical College Rs. 2 lakhs for the College Department, because at the request of the Government two schools were ama gamated and converted into college to fit in with the requirements of the Medical Council of India and also of the Calcutta University. They were facing deficit and deficiencies. Therefore, Government helped them with certain sum of money—Rs. 2 lakhs per year for five years to equip them it fulfil the requirements of the Medical Council of India.

8j. Ganesh Chosh: Is it a fact that on similar condition Governmen refused to augment a grant of Rs. 15,000 to the R. G. Kar?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: It is not se. The R. G. Ka Medical College is of 40 years' standing and there is no deficiency so far a the equipment in the college side is concerned. Government used to par Rs. 15,000 per year. Last year Rs. 52,000 were paid to the college side Very recently there was a tripartite conference with the college authoritie and it was decided that they would be satisfied it Rs. 30,000 is paid to the college and Rs. 3 lakhs 70 thousand to the hospital side.

[3-40-3-50 p.m.]

8j. Canesh Chosh: Will the Hon'ble Minister tell us if there is any institution in West Bengal for Post-Graduate training in medicine in which Government pays any grant?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Whichever institutions in the city of Calcutta or in West Bengal applied for Government assistance, after going through the accounts if the Government tunds were available these Institutions have been assisted with tunds.

8]. Canesh Chosh: Is it a fact that for Post-Graduate training in one diploma only the Seva Sadan is given annually Rs. 15,000 whereas the R. G. Kar Medical College is not given one single pie?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I may tell the honourable member that this particular institution, the Seva Sadan, applied for a grant for a specific purpose, viz., the running of their Post-Graduate Department. The R. G. Kar Medical College did not apply to the Government for any special grant for the Post-Graduate Department. If any such request comes, certainly the Government will look into it with the utmost sympathy.

Dr. Narayan Chandra Ray: Has the National Medical College anything to do with beds that were abolished in Lake Medical College?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: After the abolition of the Lake Medical College the Chief Minister assured the members of the public that for the number of beds which were abolished at the Lake Medical College substitutes will be provided and the National Medical College came forward to run 202 beds for which they get a special grant from the Government.

Dr. Narayan Chandra Ray: Is it in addition to the two lakhs?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The two lakhs is on the college side; this grant comes under the hospital side.

Construction and opening of Chinsurah Sadar Hospital

- *108. Dr. Saurendra Nath Saha: (a) Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state if it is a fact—
 - (i) that the construction of the new buildings for Chinsurah Sadar Hospital was completed nearly two years back; and
 - (ii) that a sum of rupees one lakh was donated by the trustees of an estate of the town for the betterment of the present Sadar Hospital?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) what was the cost of construction of the building;
 - (ii) what amount has been contributed by the Government;
 - (iii) whether hospital equipments were purchased and fitted in the new buildings;
 - (iv) what are the departments proposed to be opened in the new buildings;
 - (r) whether the hospital has been shifted to the new site; and
 - (ri) if not, the reasons therefor?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a) (i) No; portions of the ospital buildings are still under construction.

- (ii) A total donation of Rs.1.20,000 was received from the Official Trustee, Vest Bengal, in terms of the will of the late J. K. Paul for founding beds 1 the hospital.
 - (b)(i) The estimated cost of construction is Rs.19,83,703.
 - (ii) The entire amount.
- (iii) Only the sanitary fittings for the ground floor portion have been urchased and fitted.
- (iv) All the existing departments of the hospital will be opened in the new hospital. The departments are as follows:
 - Indoor-1. Medical (a) General, (b) Infectious beds, and (c) T.B.
 - 2. Surgical (a) General, (b) Eye, and (c) Others.
 - 3. Obstetrical and Gynacological.
 - Outdox :- 1. Female Out-patients' Department.
 - 2. Male Out-patients' Department.
 - (r) No.
- (rt) The hospital cannot be shifted as construction work has not yet been completed. It is likely to be completed soon.

Dr. Narayan Chandra Ray: Is this the construction for the whole new building including the areas which are under construction?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Yes, that is the estimate.

.

Incidence of cholera in Calcutta

- •109. Dr. Narayan Chandra Ray: Will the Hon'ble Minister-incharge of the Health Department be pleased to state—
 - (a) total number of deaths from cholera in Calcutta up to date since January, 1956;
 - (b) number of deaths from cholera in Calcutta during the corresponding periods of 1954 and 1955;
 - (c) number of cholera cases in Calcutta during the periods mentioned in (a) and (b);
 - (d) whether there has been increase in the incidents of cholera in Calcutta this year;
 - (e) if so, the reasons for such increase; and
 - (f) how many beds there are in each hospital of Calcutta to treat cholera cases?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a) Up to 30th June, 1956—783.

(b)	1954	•••		 572
	1955	,	•••	 817
(c)	1954			 1,311
	1955	•••		 2,140
	1956			 2,014

- (d) No.
- (e) Does not arise.
- (f) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (f) of starred question No. 109.

Hospital.	Normal strength.	Provision for extra beds at the time of epidemic.	Total.	Remarks.
Nilratan Sircar Medical College and Hospital.	29	571	600	
R. G. Kar Hospital	24	30	54	
Chittaranjan Hospital	40	40	80	
North Suburban Hospital	5		5	
Beliaghata Infectious Diseases Hospital.	50		50	Opened temporarily to meet emergency for convalescent cases only.

Dr. Narayan Chandra Ray: Do these numbers include all the gastrointestinal cases which are similar to cholera?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: These are confirmed cases of cholera.

Dr. Narayan Chandra Ray: Have you any estimate of gastro-intestinal cases which are known to the people as cholera cases?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: There were cases which were admitted for food poisoning or gastro-intestinal conditions during these months. Stool examinations were made and those cases which were declared to be positively suffering from infection of cholera vibrio have been included in the list.

Dr. Narayan Chandra Ray: Is the total number of gastro-intestinal cases including cholera on the increase?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Not from the figures we have received.

Dr. Narayan Chandra Ray: By the Beliaghata Infectious Diseases Hospital do you mean the tin sheds?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: There were several aluminium hutments which were constructed during the impending plague epidemic years ago. These are being utilised for transferring convalescent cases for finding out accommodation for acute cases in the N. R. Sarkar Hospital infectious wards.

Dr. Narayan Chandra Ray: Has the Beliaghata Infectious Diseases Hospital started work?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: No. Work is likely to be started some time in November.

Sj. Subodh Banerjee:

এখানে ১৯৫৪-৫৫এর এই যে ফিগার দিয়েছে এটা হোল ইয়ারএর। আর ১৯৫৬এর যে ফিগার দিয়েছেন, সেটা কি ছয় মাসের?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Upto 30th June, 1956.

Sj. Subodh Baneries:

মাননীয় মন্দ্রীমহাশয় জানাবেন কি, কলিকাতায় ইনসিডেন্স <mark>অফ কলেরা তিন বংসরে</mark> গ্রাজ্বয়ালি বেড়ে চলেছে কেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

না, একথা সত্য নয়। ভাল করে ফিগারটা পড়ে দেখন, তাহলেই ব্রুতে পারবেন।

8j. Subodh Banerjee:

১৯৫৪-৫৫এর সমস্ত বংসরের ফিগার হচ্ছে ২,১৪০; আর ১৯৫৬এর ছয় মাসের ফিগার ইচ্ছে ২,০১৪, আরো ছয় মাস পড়েই রয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আপনি ভূল করছেন এই বে, ফিগার আছে, বা ডাঃ রে চেরেছেন, এটা ১৯৫৪-৫৫এর করেসপন্ডিং পিরিয়ডএর ফিগার।

Refusal of treatment of one Mira Rani Kundu, a burnt child, in the Seth Sukhlal Karnani Memorial Hospital, Calcutta

- *110. Sjkta. Mani Kuntala Sen: (a) Will the Hon'ble Minister-incharge of the Health Department be pleased to state if it is a fact—
 - (1) that one Mira Rani Kundu, aged 10 years, of 3B Kundu Road, Calcutta, was taken to P. G. Hospital outdoor section on 12th March, 1956, at about 12-30 in the night with severe burn injuries;
 - (ii) that in spite of three doctors being present there the girl was refused treatment;
 - (in) that an admission fee of Rs.30 was demanded to be paid before treatment could be given; and
 - (iv) that the person accompanying the patient was informed that another sum of about Rs.300 or Rs.400 would be required for medicines, etc.?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) under what rule the money was demanded;
 - (ii) whether there is any arrangement for treating emergency cases in the P. G. Hospital; and
 - (iii) what action do the Government propose to take in the matter?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a)(i) Yes, but with minor burn injuries.

- (11) No, she was offered emergency treatment which they not only refused but insisted on the patient's admission in the indoor ward in a free bed which was not available then.
- (iii) and (iv) No, it was not a case of admission but when the party insisted on being admitted and wanted to know the usual charges and other rules, they were informed of the fees for a paying bed, viz., Rs.3 per day and advance payment of charges for 10 days.
 - (b)(i) and (iii) Do not arise.
 - (ii) Yes.

8]kta. Mahi Kuntala Sen:

মাননীয় মন্দ্রীমহাশয় কি বলবেন যে. এই মেয়ের বাবার কাছ থেকে কোন রেজিন্টার্ড পোল্টএ চিঠি তিনি পেয়েছেন কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হাাঁ, পেয়েছি এবং জবাবও তাঁকে দিয়েছি।

Sikta, Mani Kuntala Sen:

মন্ত্ৰীমহালয় বলবেন কি যে, মীরারাণী কুণ্ডু তার বাবা রাতি ১২॥টা থেকে লেব রাতি পর্বতি বাইরে বসে ছিল কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

না সতা নয়। তিনি সেখানে যখন গিয়েছিলেন, তখন সেটা মাইনর বানটি অফ দি থার্ড ভিক্লি। সেই সময় তাঁকে বলা হয় ফার্ফা এড নেবার জনা। তিনি নেন নি, তিনি বলেন ভর্তি স্পাতে হবে। ভর্তি করা সম্ভব নর জায়গা ছিল না, ফ্রি বেডএ। সেইজন্য র্যামব্লেস্সএ করে তাকে নিয়ারেণ্ট হর্সপট্যালএ পাঠাবার ব্যবস্থা করা হয়। সেখানে জার্ন্যা পাওয়া **যাইবে বলে।** কিন্তু তাঁরা সে স্যোগ নেন নাই। শম্ভুনাথ পাশ্ডিত হাসপাতালে নিজেরা তাঁরা যাবার পরে সেই কেসএ ভর্তি রিফিউজ করে। যদিও কারনানি হর্সপিট্যালএর ডাঙ্কার শম্ভুনাথ হর্সপিট্যালএর ডাঙ্কারে ফোনএ বলে দেন, কিন্তু তাঁরাও এটাকে ভর্তির কেস বলে মনে করেন নি। তাঁরা ফাণ্ট এড দেয় এবং তাঁকে আউট পেসেন্ট ডিপার্টমেন্টএ আসতে বলেন, ১২ দিন তিনি আউট পেসেন্ট ডিপার্টমেন্টএ বেগ্লার্রাল র্যাটেণ্ড করেন এবং ভাল হয়ে গিয়েছেন।

Dr. Hirendra Kumar Chatterjee:

এই যে থার্ড ডিক্রি অফ বার্নট বলছেন, এটা কি য়াডিমিসিবিলিটি নয়?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I am sorry. I was mistaken. The girl had superficial burn of the first degree of small area which could not be classified as serious emergency.

8j. Bankim Mukherji: Were the doctors callous enough to send away a bernt child unattended?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: They were not callous. They were rather dutiful. They did their best to convince the patient's relations to get the first aid which was available but they refused because they wanted the patient to be admitted straight off even though in the hospital no free bed was then available.

8j. Bankim Mukherji: Was it not the duty of the doctors to see a burnt child and give some sort of treatment instead of sending her away?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Treatment cannot be enforced on one who is not willing to take advantage of it. As soon as they left and went to Sambhunath Hospital, there they saw the case; they also did not think it worth while to admit it because it was not a serious case but first and was given—this is also a Government hospital—and as I said she attended the out-patient department for the next 12 days and got herself fully cured.

Dr. Narayan Chandra Ray: At that time there was no free bed. Has the Karnani Hospital any free bed or emergency bed?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: There are free heds but those are allotted to the different departments but in this particular department there was no free bed available at the time the patient was brought there.

Dr. Narayan Chandra Ray: Emergency beds?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The emergency beds were all full

Dr. Narayan Chandra Ray: Shambhunath is the nearest hospital? The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Yes.

Supply of drinking water in Union No. 7 of Debra police-station, Midnapore district

*111. Sj. Nagendra Dalui: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ডেবরা থানার ৭নং ইউনিয়নের চক্নাথ, চক্মাধ্রী, চকুপাল ও জয়দেবপুর গ্রামবাসীদের জন্য পানীর জলের কোন ব্যবস্থা নাই?

The Minister for Medical and Public Health (the Hon'ble Dr. Amulyathan Mukharji):

ক্ষাধ্রী গ্রামবাসীদের জন্য পানীয় জলের ব্যবস্থা আছে এবং চক্পাল বলিয়া কোন গ্রাম গাই। চক্নাথ ও জয়দেবপুরের জন্য এখন পর্যস্ত কোনও ব্যবস্থা করা যায় নাই।

3-50-4 p.m.]

Si. Nagendra Dalui:

এই যে পানীয় জলের ব্যবস্থা আছে, কি ব্যবস্থা আছে ?

The Hon'ble Dr. Amulvadhan Mukharii:

দেখানে টিউবওয়েল বয়েছে।

81. Nagendra Dalui:

ৰত দিন আগে হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

তা বলতে পারি না।

8j. Nagendra Dalui;

আপনি বলেছেন, চকপাল কোন গ্রাম নাই. চককুপান বলে আছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharii:

চককপান বলে আছে।

8j. Nagendra Dalui:

আপনি বলেছেন চকনাথ ও জয়দেবপ্রের জন্য এখন পর্যন্ত কোনও ব্যবস্থা করা যায় নাই।

তি কাবণ কি ?

The Hon'ble Dr. Amulyadhan Mukharli:

এরকম অনেক গ্রাম আছে, যেখানে বাবস্থা করা যায় নি, তবে এই দুটো গ্রাম সম্বন্ধে ধানীয় অফিসার বিবেচনা করছেন।

8]. Nagendra Dalui:

এই গ্রামগ্রিল পর পর আছে কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমার কাছে কোন ম্যাপ নাই। আগেই বলেছি অনেক গ্রামে প্রকৃত ভাল জলের ব্যবস্থা দরা হয় নি. আমরা চেণ্টা করছি প্রত্যেক গ্রামে জল দেবার জন্য।

8j. Nagendra Dalui:

এই গ্রামগর্নি পাশাপাশি এবং কৃষক ও ক্ষেত্ত মজ্বুরের বাস—এতে পানীয় জলের ব্যবস্থা ।াই বলছেন—দুখানাতে নাই আর একখানাতে আছে বলেছেন—এখন ঐ দুখানা গ্রামে কত দনের মধ্যে বাবস্থা করা হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

কত দিনের মধ্যে তা নিদিম্ট করে বলতে পারি না।

Amount of land rendered cultivable by Damodar Valley Project in Burdwan district

*112. Sj. Dasarathi Tah: Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

দামোদর বন্যার নিয়ন্ত্রণের ফলে বর্ধমান জেলায় দামোদর নদের চরে কোন্ মৌজার কত পরিমাণ জমি আবাদযোগ। হইয়াছে?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble Ajoy Kumar Mukherji): একটি বিবরণী এতংসহ লাইব্রেরী ঢৌবলে উপস্থাপিত করা হইল।

Sj. Dasarathi Tah:

আমার প্রশ্ন ছিল, দামোদর বনাার নিয়ন্তণের ফলে বর্ধমান জেলায় দামোদর নদের চরে কোন মৌজায় কত পরিমাণ জমি আবাদযোগ্য হয়েছে—আছ্যু বন্যা নিয়ন্তণের কাজ কি সম্পূর্ণ হয়ে গেছে?

The Hon'ble Ajoy Kumar Mukherii:

না।

Si. Dasarathi Tah:

কতটা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাইথন এবং পাঞ্চেত হলে ঠিক মত হবে। তিলাইয়া কোনার সামান্য মাত্র।

Si. Dasarathi Tah:

কাজ সম্পূর্ণ হলে কত জাম উত্থিত হতে পারে?

The Hon'ble Ajoy Kumar Mukherit:

প্রশন করলে জবাব দেব।

Si. Dasarathi Tah:

এখন দামোদরের বন্যা থেকে নিরাপদ বলে মনে করতে পারি কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না।

81. Kanai Lal Bhowmick:

এই যে ৩০॥ একর জমি উখিত হয়েছে এটা কি সরকারের অধীনে আছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জানি না।

8j. Kanai Lal Bhowmick:

এর মধ্যে আবাদযোগ্য জমিগালিতে কি আবাদ আরুভ হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলতে পারি না।

Dr. Kanailal Bhattacharya:

মাইথন ও পাঞ্চেত শেষ হতে কতদিন লাগ্রে ?

The Hon'ble Ajoy Kumar Mukherii:

একটা ১৯৫৭এ আর একটা ১৯৫৮তে।

Employees of River Research Institute

- *113. 8]. Benoy Krishna Chowdhury: (a) Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state if it is a fact—
 - (i) that 18 employees of the River Research Institute have not been granted any further extension of service; and
 - (11) that they have been served with retrenchment notice on 30th January, 1956?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) the reasons for their retrenchment; and
 - (ii) what arrangements, if any, have been made for giving alternative employment to these retrenched employees?

The Hon'ble Ajoy Kumar Mukherji: (a)(i) No They are continuing in service.

- (ii) Yes, it was a routine notice as the term of the temporary posts was due to expire at the close of the financial year (1955-56).
 - (b)(t) Actually there was no retrenchment.
 - (ii) Does not arise.

- - -

8j. Canesh Chosh: With reference to answer (b)(i), you say that actually there was no retrenchment. Will you kindly state whether there is any contemplation of retrenchment in the immediate tuture?

The Hon'ble Ajoy Kumar Mukherji: No.

8]. Canesh Chosh: Not in the immediate future?

The Hon'ble Ajoy Kumar Mukherji: That is so.

Supply of water for irrigation from D. V. C. canals

- *114. 8j. Dasarathi Tah: Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—
 - (ক) ডি ভি সি কর্তৃকি যে সেচ ক্যানেল কাটা হইতেছে তাহাতে বংসরের কতদিন জল সরবরাহ করা হইবে;
 - (খ) সমগ্র সেচ অঞ্চলের চাষীগণ উত্ত জল লইতে বাধা কিনা; এবং
 - (গ) ডি ভি সি-র ক্যানেল কর একরপ্রতি কত হইবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

- (क) খারিপ মরস্মে জ্লাই হইতে অক্টোবর পর্যত্ত ও রবি মরস্মে নভেদ্বর হইতে মার্চ মাস পর্যতে।
 - (খ) এখন পর্যন্ত বাধ্য নহে।
 - (গ) এ-বিষয়ে এখনও চ্ডান্ত সিন্ধান্ত হয় নাই।

8]. Dasarathi Tah:

(খ)র প্রশেন সমগ্র সেচ অঞ্চলের চাষীগণ উক্ত জল লইতে বাধ্য কিনা, তার উত্তরে আর্পনি বলেছেন বাধ্য নর, আমার প্রশন হচ্ছে কবে বাধ্য হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এখন বলা ষায় না।

8i. Dasarathi Tah:

এই যে (গ)তে বলেছেন, এ বিষয়ে এখনও চ্ড়োল্ড সিম্ধান্ত হয় নাই। এতদিনে চ্ড়োল্ড হয়েছে কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না এখনও চ্ড়ান্ত কিনা বলা যায় না। এখন এই রেট আছে।

8j. Dasarathi Tah:

এখন খারিপের কত? এবং রবির কত?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রবির নাই, খারিপের ৯ টাকা।

8i. Dasarathi Tah:

রবির জল এখন দেবেন কি

The Hon'ble Ajoy Kumar Mukherjı:

রবির জল এ বছরে দেওয়া যাবে না।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Excavation of Dariadighi Khal in Bhagawanpur police-station, Midnapore district

- 57. 8j. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—
 - (ক) ইহা কি সতা যে, (১) মেদিনীপুর জেলার ভগবানপুর থানার দের্ণড়য়াদীঘি থালটি ভরাট হইয়া গিয়াছে, এবং (২) ঐ থানার কয়েকটি ইউনিয়নের জলানকাশের অভাবে প্রনঃপ্রনঃ ফসল হানি হইতেছে, এবং

' The Minister for Irrigation and Waterways (the Hon'ble Ajoy Kumar Mukherji): (ক)(১) ও (২) পলি ভামিয়া থালটির কিছু অংশ ভরাট ইইয়া গিয়াছে; অতিরিক্ত ব্লিটপাতের সময় থাল ম্বারা ভালভাবে জলনিকাশের বিলম্বহেতু ফসলের সাময়িক কিছু ক্ষৃতি হয়।

্থ) খননকার্যের জন্য প্রয়োজনীয় অন্সন্ধান এবং জরিপকার্য শেষ হইয়াছে। এপিটমেট্ সম্ভত করা হইতেছে।

8j. Sudhir Chandra Das:

এই বছর খাল খননের কথায় বলেছেন হচ্ছে. এখন আমার প্রশন হচ্ছে, এই বছর কাঞ্জ আরম্ভ হবে কি না?

The Hon'ble Ajov Kumar Mukherji:

এখনও এন্টিমেট আসে নি. এই বছর কি করে হবে?

Si. Sudhir Chandra Das:

মন্দ্রীমহাশয় অবগত আছেন কি যে, ঐ থালের জল নিকাশ না হওয়ায় সম্প্রতি ব্লিউতে বহ্ জমির চাষ নন্ট হয়েছে এবং জমির উপর চার পাঁচ ফ্রট করে জল জমে আছে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হতে পারে।

Si. Sudhir Chandra Das:

সে সম্বন্ধে অনুসন্ধান করবেন কি?

Mr. Speaker: That is a request for action.

Union and Thana Health Centres in Midnapore district

- 58. 8j. Kanai Lal Bhowmick: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—
 - (ক) মেদিনীপুর জেলায় ইউনিয়ন ও থানা স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার জন্য কত টাকা ও জাহ সরকারের হাতে জন্ম রহিয়াছে:
 - (খ) ঐ সমস্ত স্বাস্থাকেন্দ্র প্রতিষ্ঠার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন:
 - (গ) ইহা কি সত্য যে, তমলন্ক মহকুমার ময়না থানার ২নং ইউনিয়নে স্বাস্থাকেল্প প্রতিষ্ঠার জন্য টাকা জমা দেওয়া সত্ত্বেও এ-পর্যাস্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই, এয়ঃ
 - (ঘ) সতা হইলে, উহার কারণ কি?

The Minister for Health (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):

- ক) ও (খ) "ক" বিবরণী লাইরেরী টোবলে উপস্থাপিত করা হইল।
- (গ) ও (ঘ) টাকা পাওয়া গিয়াছে কিন্তু প্রদত্ত জমি কিছু নীচু হওয়ায় উহাতে স্বাস্থাকেন্দ্রে গৃহনির্মাণ করা বিষয়ে চ্ডান্ড সিম্ধান্ত গ্রহণের বিষয় বিবেচনাধীন আছে।

81. Kanai Lal Bhowmick:

এই যে বিবেচনাধীন আছে বলেছেন, কত বছর ধরে এটা বিবেচনা করা হচ্ছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

১৯৫৩ সাল থেকে।

8j. Kanai Lal Bhowmick:

এই নীচু জমি যেটা জনসাধারণ দিয়েছে, সেই জমিকে উ'চু করার কোন পরিকল্পনা সরকাবে আছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

তাতে ১১,১৮০ টাকা থরচ হবে। আমরা দাতার সঙ্গে প্রালাপ কর্রাছ, তাঁরা খানিকাঁ ভরাট করে দিতে স্বাঞ্চত হয়েছেন। সেটা ফাইনালাইজেসন হলে পর কাজ আরুদ্ভ করা হবে

8]. Kanai Lal Bhowmick:

এই যে চিঠি তার শেষ উত্তর কতদিন আগে পেয়েছেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharii:

তারিখটা আমার কাছে নেই, তবে প্রালাপ চলছে।

Sj. Mrigendra Bhattacharjya:

যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি ও টাকা দেওয়া হয়ে গেছে, সেগ্নিল কি স্বিতীয় পঞ্চ ব্যাষ্ঠিকী পরিকল্পনায় হবে?

Mr. Speaker:

এটা দ্বিতীয় পঞ্চবাধিকী পরিকল্পনার প্রশন নয়।

Sj. Madan Mohon Saha:

আপনি (গ) ও (খ)এ বলেছেন "টাকা পাওয়া গিয়াছে কিন্তু প্রদন্ত জমি কিছ্ নিচু হওরার উহাতে স্বাস্থাকেন্দ্রের গৃহনির্মাণ করা বিষয়ে চ্ডান্ত সিম্পান্ত গ্রহণের বিষয় বিবেচনাধীন আছে", এই চ্ডান্তটা বাদ দিয়ে এমন কোন সিম্পান্ত হয়েছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সেটা কি করে হবে?

Sj. Cangapada Kuar:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে, এতদিন পর্যন্ত মধ্যবত**ী স্থলে স্বাস্থাকেন্দ্র প্রতিষ্ঠার বে** পরিকলপুনা ছিল, সেটা পরিবর্তনি করা হয়েছে কি না

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এমন কোন বাঁধাধরা নিয়ম নেই, তবে যতদ্ব সম্ভব মধ্যম্থলেই করা হয়, কিন্তু মধ্যম্থলে যদি জমি না পাওয়া যায়, তাহলে সেখানে করা যায় না, খ্ব নাঁচু বিল জমি হলে, সেখানে করা যায় না। ম্থানায় কমিটি আছেন, তাবা বিবেচনা করে যে স্থান নির্বাচন করেন, সেখানেই করা হয়—বাঁধাধরা কিছু, নিয়ম নেই।

Union Health Centres in West Bengal

- 59. Sj. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—
 - ক) পশ্চিমবংগা এ-প্যাদ্ত মোট কত্যালি ইউনিয়ন স্বাস্থাকেন্দ্র স্থাপিত হইয়াছে তাহার মহক্মাওয়ারী তালিকা কি.
 - (খ) উত্ত ইউনিয়ন স্বাস্থাকেন্দ্রগালির মধ্যে কতগালিতে সরকারী শতান্যায়ী সম্পাণ অর্থ ও ভূমি পাওয়া গিয়াছে এবং কতগালিতে আংশিক অর্থ ও ভূমি পাওয়া গিয়াছে তাহার পরিমাণসহ মহকুমাওয়ারী তালিকা কি:
 - (গ) কতগালি ইউনিয়ন দ্বাস্থাকেন্দ্র এখন বিবেচনাধীন এহার মহকুমাওয়ারী তালিকা কি:
 - (ঘ) ঐ বিবেচনাধীন ইউনিয়ন স্বাস্থাকেল্ডগ্নির মধ্যে (১) কতগ্নিলর স্থান নির্বাচনকার্য শেষ হইয়াছে এবং (২) কতগ্নির গ্রনিমাণ চলিতেছে তাহার মহকুমাওয়ারী তালিকা কি:
 - (৩) ঐ বিবেচনাধীন ইউনিয়ন স্বাস্থাকেন্দুগ্নিলর মধ্যে কোন্টির জন্য কত অর্থ ও ভূমি কোন্ তারিখে পাওয়া গিয়াছে
 - (5) ১৯৫৩ সালে কতগালি ইউনিয়ন স্বাস্থাকেন্দ্র স্থাপিত হইয়াছে এবং ১৯৫৪ সালে কতগালি ইউনিয়ন স্বাস্থাকেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে তাহার মহক্ষাওয়ারী তালিকা কি;
 - (ছ) ইউনিয়ন স্বাস্থাকেন্দুগ্রিলর জনা সর্বোচ্চ বায় (মাসিক) এবং স্বানিন্দ বার (মাসিক) কত হইতেছে;

- (ঞ্চ) যে-সকল স্বাস্থাকেন্দ্র বিবেচনাধীন আছে তাহাতে রোগীর বাসের ব্যবস্থা না রাখিরা কেবলমাত্র ভান্তার, কম্পাউন্ডার, ও নার্স রাখিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং
- (ঝ) থাকিলে, ঐ পরিকল্পনায় প্রতি ইউনিয়ন স্বাস্থাকেল্দ্রে মাসিক গড়ে কত টাকা বায় করা হইবে স্থির হইয়ছে এবং ঐর্প পরিকল্পনা থাকিলে, প্রতি কেল্দ্রে কমপক্ষে কয়টি শয়্যা থাকিবে এবং গড়ে কত টাকা বায় করা হইবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

- (क) Statement "A" লাইরেরী টেবিলে উপস্থাপিত করা হইল।
- (খ) ইউনিয়ন স্বাস্থাকেন্দ্র স্থাপনের জন্য অর্থ ও ভূমিদানের পরিমাণ সম্পর্কে সরকার-আরোপিত কোন শর্ত নাই। ভূমি ও অর্থ দানস্বর্গ পাওয়া যাইলে স্বাস্থাকেন্দ্র স্থাপনের প্রদতাব অগ্রগণাতা সহকারে বিবেচনা করা হয়। ইউনিয়ন স্বাস্থাকেন্দ্রের জন্য প্রাণ্ড অর্থ ও ভূমির মহকুমাওয়ারী তালিকা লাইরেরী টেবিলে রক্ষিত Statement "A" দুন্টব্য।
 - (গ) হইতে (ঙ) लाইরেরী টেবিলে রক্ষিত Statement "A" দুটব্য।
 - (5) Statements "B" and "C" লাইব্রেরী টোবলে উপস্থাপিত করা হইল।

(夏)—

ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র।	সর্বোচ্চ বায় (মাসিক)।	সর্বনিম্ন ব্যয় (মাসিক)।
	টাকা।	টাকা।
১০-শ্য্যায ্ ক	 2.800	১,৫৮৩
৪-শ্য্যায ্ত	 ১,৩৩৩	১.১৬৬
শ্য্যাবিহীন	 ৯২৫	800

- (জ) কোনও কোনও ক্ষে**ত্রে আছে**।
- (य) ৮৬० টাকা। রোগীর বাসের ব্যবস্থা না থাকায় শ্যাা থাকিবে না।

Sj. Sudhir Chandra Das:

আপনি প্রশেনান্তরে বলেছেন যে, টেবিলে চার্ট দেওয়া হয়েছে, তাতে দেখতে পাচ্ছি ২০ ২ জার, ২৫ হাজার টাকা, এমন কি ৪০ হাজার টাকা ১৯৪৮ সাল থেকে জমা হয়ে আছে। আমার প্রশন হচ্ছে, সেগ্রলি এ পর্যন্ত না হবার কারণ কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এইরকমভাবে ওমনিবাস জবাব দিতে পারবো না। আপনার যদি কোন স্পেসিফিক কেস থাকে, তাহলে সেটা ভানালে আমি তথা সংগ্রহ করে জবাব দেবো। যে জেনারেল কোয়েশ্চেন দিয়েছিলেন, তার জবাব দিয়েছি।

Sj. Sudhir Chandra Das:

সাপনি (জ) প্রশেষ উত্তরে বলেছেন, "কোনও কোনও ক্ষেত্রে আছে"। কোথায় কোথায় মছে জানাবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ক্ষোন বিরাট পরিকল্পনার কথা আমি বলতে পারবো না—কোন বিশিষ্ট ক্ষেত্রের কথা যদি আপনি জানতে চান, তাহলে আগেই বলেছি, প্রণন করলে জবাব দেবো।

Sj. Sudhir Chandra Das:

কোনও কোনও ক্ষেত্রে আছে আপনি স্বীকার করেছেন—কোন কোন ক্ষেত্রে আছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগর্হালতে এখন আমরা শ্যাা দিচ্ছি না, স্বাস্থ্যকেন্দ্র উইদাউট **এনি** বড, সেগ্রাল এই পরিকল্পনার মধ্যে আছে।

8j. Kanai Lal Bhowmick:

আপনি (ঘ)এ বলেছেন যে, ইউনিয়ন স্বাস্থাকেন্দ্র স্থাপনের জন্য অর্থ ও <mark>ভূমি দানের</mark> রিমাণ সম্পর্কে সরকার আরোপিত কোন সর্তা নাই। কোন টাকা দেওয়ার সর্তাবা জমি নওয়ার সর্তানাই?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমি অনেকবার জানিয়েছি যে, অনেকগ্নিল স্বাস্থা কেন্দ্র একশোর উপর আমর। টাকা নান্ধর করে দিয়েছি, সেখানকার লোকেব প্রয়োজন অন্সারে। তবে আমরা চাই, জমি গ্রামের লাক দিক, কারণ তাঁরা যদি জমি দেন, তাহলে সেই প্রতিষ্ঠানকে তাঁরা নিজের বলে মনে রবেন এবং সেখানে তাঁরা ইন্টারেণ্টও নেবেন। জমি না পেলেও, টাকা না পেলেও অনেক শ্রগায় আমরা তা করে দিয়েছি।

Mr. Speaker: Questions over.

Adjournment Motion-Refusal of consent

4-4-10 p.m.]

- Sj. Canesh Chosh: Sir, I gave notice of an adjournment motion because f the fact that the new scheme drawn up by the Government in connection ith secondary education of West Bengal was going to be put into operation y an executive order with cheef from October, 1956, without giving the egislature a chance to consider this thing. I am sorry that consent has een refused.
- Mr. Speaker: You come to my chamber and I will explain the reason, so adjournment motion can arise from a Minister's statement. Moreover, he facts are not correct.
- 8j. Ganesh Chosh: What I want to say now is to request the Chief limister through you to give us a chance to discuss the new scheme before takes a final shape.

Point of Information

Si. Hemanta Kumar Chosal:

স্যার, আমি যেটা দিয়েছিলাম, তাব কি থলো । এই স্কেরবনের এমন্যাঞ্চমেন্টএর দায়িছটা ।ব । খবরের কাগজে একটা দেউতমেন্ট বৈরিয়েছে, তাতে লোকে আরো কর্মাফউজড হয়ে। যেছে। সেজন্য বলতে চাই, স্কেরবন এমন্যাঞ্চমেন্টএর য়্যাকচুয়াল রেসপনসিবিলিটি কার ।টা ক্র্যারিফাই কবে আমার ক্যেন্ডেনটা যেটা আপনার কাছে দিয়েছি, সেটার আনসার এই ।সনএর মধ্যে চাই।

Mr. Speaker: I have done it.

Si. Ambica Chakrabarty:

সারে, আমি শেয়ালদা তেওঁসন সম্পর্কে যে সার্ট নোটিশ কোয়েকেনটা দিয়েছি তার কি চোল ?

Mr. Speaker: I have admitted your short notice question.

8j. Ambica Chakrabarty: When shall I get a reply.

Mr. Speaker: I have sent it to the Minister concerned.

Si. Ambica Chakrabarty:

আরেকটা কথা, স্টেট বাসএ যে দৈনিক য়্যাকসিডেন্ট হচ্ছে, আজকেও সরকার বাজারে একটা ছেলে মারা গিয়াছে, তার কারণ হচ্ছে, স্টেট বাসএর ব্রেক ছিল না। এ সম্বন্ধে একটা ক্যাডেজোন'মেন্ট নোটিশ আমি দিতে চাই।

Mr. Speaker: You are a veteran parliamentarian and you know the procedure.

Sj. Ambica Chakrabarty:

আপুনি য়াড়জোর মেণ্ট মোশন য়াড়িমট না করলে আমি কি করতে পারি?

Mr. Speaker: Put a question stating the fact.

Dr. Jatish Chosh:

স্যার, আমি টালা রিজ সম্বদেধ একটা কোয়েশ্চেন দিয়েছিলাম, তার উত্তর এখনও পেলাম না।

Mr. Speaker: A non-official debate is pending on that subject.

COVERNMENT BILL

The West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee.

Clause 51

- **8j: Tarapada Dey:** Sir, I beg to move that for clause 51(1)(ii) the following be substituted, namely:—
 - "(ii) he with an order from a Magistrate and the Pradhan of the Anchal Panchayat with a warrant may arrest".
- 8j. Cangapada Kuar: Sir, I beg to move that in clause 51(1)(ii), lines and 2, for the words "and without a warrant" the words "but with the instruction and written order of the *Pradhan* of the *Anchal Panchayat*" be substituted.
- **8]. Raipada Das:** Sir, I beg to move that in clause 51(1)(ii), line 2, after the words "without a warrant" the words "but with the cognizance amwritten order of the *Pradhan* of the *Anchal Panchayat*" be inserted.
- **Dr. Krishna Chandra Satpathi:** Sir, I beg to move that in clause 51(1)(1) line 2, after the words "without a warrant" the words "but with conset of the *Pradhan* of the *Anchal Panchayat* concerned" be inserted.
- 8]. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 51(1)(ii)(a) lines 2 to 6, the words beginning with "or against whom" and ending with "so concerned" be omitted.
- 8j. Raipada Das: Sir, I beg to move that in clause 51(1)(ii)(a), lines 4 to 6, the words "or a reasonable suspicion exists of his having been so correct" be omitted.
- Dr. Jatish Chosh: Sir, I beg to move that in clause 51(1)(ii)(b), line of the words "any law" the words "under proceedings validly instituted against such person" be substituted.

- Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 51(1)(v), line 3, for the words "within the jurisdiction" the words "within his area under the jurisdiction" be substituted.
- **Dr. Jatish Ghosh:** Sir, I beg to move that in clause 51(1)(vi), line, 2, for the words "of suspicious characters in the neighbourhood" the words "of persons as referred to in section 51" be substituted.
- **8j. Sasabindu Bera:** Sir. I beg to move that in clause 51(D(vi)(a), line 3, after the word "within" the words "the local limits of jurisdiction of" be inserted.
- 8j. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 51(1)(vi)(b), line 3, after the word "cattle" the words "within its jurisdiction" be added.
 - Dr. Jatish Chosh: Sir, I beg to move that clause 51(1)(vii) be omitted.
- 8j. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 51(1)(ix), line 6, after the word "within" the words "the jurisdiction of" be inserted.
- Sir, I beg to move that in clause 51(2), line 4, after the word and figures "section 118" the words "and shall in addition exercise a general control over the *Chowkidars* within his area as their head" be added.
- 8j. Narendra Nath Ghosh: Sir. I beg to move that in clause 51(1)(ii), line 1, for the word "without" the word "under" be substituted.
- Sj. Mrigendra Bhattacharjya: Sir, I beg to move that clause 51(1)(aa) be omitted.
- **Sj. Subodh Choudhury:** Sir, I beg to move that the following provisos be added to clause 51(1)(i) (c), namely,—
 - "Provided that in cases where sufficient time is available to issue such order or warrant from a Magistrate, ariest shall not be made generally without such order or warrant:
 - Provided further that if such warrant or order from a Magistrate may not be available and if sufficient time is still available to get prior sanction from either Pradhan of Anchal Panchayat or Adhyaksha of Gram Sabha under whose jurisdiction the arrest is to be made, then such sanction must be obtained before such arrest;".
- Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 51(1)(ii)d), lines 1 and 2, the words "who obstructs a police officer while in the xecution of his duty or" be omitted.
- 8j. Saroj Roy: Sir, I beg to move that in clause 51(1)(iv), line 4, after he words "police-station" the words "and to the Pradhan of Anchal Panchayat" be inserted.
- 8]. Kanai Lal Bhowmick: Sir. I beg to move that in clause 51(1)(v), ine 2, after the word "officer-in-charge" the words "and to the Pradhan f Anchal Panchayat" be inserted.
- Sj. Gopika Bilas Sen Cupta: Sir, I beg to move that in clause 51(1)(via) n lines 3 and 4 for the words "within the Anchal Panchayat" the words within the local limits of the jurisdiction of the Anchal Panchayat" be ubstituted.
- Sir. I beg to move that in clause 51(1)(vib) in the last line after the cord "cattle" the words "within the local limits of its jurisdiction" be dded.

Sir, I beg to move that in clause 51(1)(ix) in lines 6 and 7 for the word. "within the Anchal Panchayat" the words "within the local limits of the jurisdiction of the Anchal Panchayat" be substituted.

[4-10-4-20 p.m]

8j. Tarapada Dey:

স্পীকার স্যার, ক্লজ ৫১এ চোকিদারদের পাওয়ার্স র্য়াণ্ড ডিউটিজএর কথা বলা হয়েছে এবং তাদের অত্যনত ব্যাপক ক্ষমতা দেওয়ার ব্যবহথা করা হয়েছে। যদি কার্র বির্দ্ধে অভিযোগ ব্যাড ক্যারেকটর, বা ম্ভমেন্টস অফ ব্যাড ক্যারেকটরর অথবা ম্ভমেন্ট অফ সাসপিসাস উইদাউট ওয়ারেন্ট। এখানে ব্যাড ক্যারেকটরএর কোন এক্সপ্লানেসন দেওয়া হয় নি।

তারপর নিচের দিকে আরও কতকগর্নি কথা আছে, যার কোন রকম এক্সংলানেসন নেই। ব্যাড ক্যারেকটর, বা মৃভ্যেন্টস অফ ব্যাড ক্যারেকটর অথবা মৃভ্যেন্ট অফ সাসপিসাস ক্যারেকটরস, এই ধরণের বহু রকম ইনফরমেশন দেবার কথা আছে। এদের যদি না পান, ভাষকে চৌকদার বিনা ওয়ারেন্টএ.

may without an order from a Magistrate and without a warrant of arrest, এদের য়্যারেণ্ট করতে পারবেন। এত ব্যাপক ক্ষমতা দেবার কি কারণ থাকতে পারে, তা আমরা বৃষ্ধতে পারছি না। এমনকি গ্রামের যে প্রধান, তাঁরও কোন মতামত নেবেন না, জেলা ম্যাজিণ্টেটের কাছ থেকেও ওয়ারেণ্ট আসবে না। বর্তমানে চৌকিদারদেব এই ক্ষমতা নেই। প্রামের মধ্যো চৌকিদারএর হাতে এই ব্যাপক ক্ষমতা দিয়ে উনি যে কি করতে চান, আমরা তা আদৌ বৃষ্ধতে পারছি না। একজন সাধারণ চৌকিদাবের হাতে এত ক্ষমতা দেওয়া মতালত অন্যায়। সেইজন্য আমি আমার য়্যামেন্ডমেন্ট্র বলেছি,

with an order from the District Magistrate and Prodham of the Anchal Panchayat and with a warrant.

অদততঃ প্রামের চৌকিদার অঞ্চল পঞ্চায়েতের প্রধানের মতামত ও ওয়ারেনট নিয়ে এই কাজ কর্ম, নতুবা এটা কাজীব বিচাব হয়ে যাবে। তা নাহলে চৌকিদার নিজেব মতান্যায়ী য খুসী এই করে যাবে। বিশেষকরে গ্রামের মধ্যে এমন কতকগুলি প্রভাবশালী লোক আছে, যাদের কথা অনুযায়ী, চৌকিদারকে চলতে হবে এবং এব ফলে যে কেন প্রামবাসীকে ধরবার বেশ সনুবিধা করে দিচ্ছেন। সেইজনা বিলে যেখানে আছে উইদ.উট এন অভাব, সেখ নে আমি বলচ্ছি

with an order from the District Magistrate and with an order of the Anchal Panchayat and with a warrant.

আমি আশা করি মাননীয় মন্দ্রীমহাশয় আমার য়ামেন্ডমেন্ট্রী গ্রহণ কববেন।

8j. Gangapada Kuar:

স্পীকার মহোদয়, এখানে বিনা ওয়াদেওঁএ কোন অপরাধীকে য়ারেণ্ট করবার ক্ষমতা টোকিদারেক দেওয়া হচ্ছে। আমার আশংকা হয় যে উদ্দেশ্যে এই ব্যাপক ক্ষমতা টোকিদারেক হাতে দেওয়া হচ্ছে, বহা ক্ষেত্রে সেই সমসত উদ্দেশ্য বাহত হবে। তার কারণ যে সমসত অপরাধের কথা এখানে উল্লেখ করা হয়েছে, কোন লোক সেই সমসত অপরাধে, অপরাধী কিন কোন একজন সাধারণ শ্রেণীর মান্য চৌকিদারের পক্ষে সেটা ঠিক করা একেবারে অসমতব। এই ক্লেজ বলা হচ্ছে.

"any person who has been concerned in any cognizable offence or against whom a reasonable complaint has been made, or credible information has been received, or a reasonable suspicion exists of his having been so concerned."

এখানে রিজনেবল সাসপিসন, রিজনেবল কমপেলাট ইত্যাদি কথা বলা হয়েছে। কিন্তু একজন সাধারণ চৌকিদার, তার যে ক্তথানি রিজন আছে সে বিষয় আমাদের সন্দেহ হয়। একে ১ সত্যিকারের রিজনেবল সাসপিসন আছে কিনা, এবং রিজনেবল কমশেলট কিনা, এই সমস্ত বিচার করা একজন সাধারণ চৌকিদারের পক্ষে সম্ভব নয়। সেই রকম পরে যে বলা হয়েছে. ইন্ডিয়ান আর্মি, নেভি অর এয়ার ফোর্স থেকে পালিয়ে যে চলে এসেছে বা

any released convict committing a breach of any rule made under subsection (3) of section 565 of the Code of Criminal Procedure, 1898,

